# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 07, 1433 Bangla, June 21, 2026, Sunday, No. 166, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman is leaving Dhaka today for a 6-day state visit to Malaysia and China. [DW: 09]

Tarique Rahman has urged students to excel in studies and cultural activities along with sports to build better country. [Jago FM: 11]

Home Minister has expressed optimism that UAE will soon return Ex-IGP Benazir Ahmed to Bangladesh after completing due process. [Jago FM: 13]

Government has taken initiative to attract foreign investment to reopen country's unprofitable and closed factories. [R. Today: 23]

Bangladesh has rejected request of UN for additional land to accommodate Rohingya refugees. [R. Today: 23]

Seven more children have died from measles-like symptoms in country. [Jago FM: 18]

BGB has thwarted an attempt by BSF to push 20 people into Bangladesh along Chapainawabganj border. [Jago FM: 13]

Iran has closed Strait of Hormuz following Israeli attacks in Lebanon. [BBC: 09]

Australia has confirmed 1st case of H5N1 bird flu in the country. [BBC: 25]

# দৈনিক মনিটরিং রিপোর্ট

## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

## আষাঢ় ০৭, বাংলা ১৪৩৩, জুন ২১, ২০২৬, রবিবার, নং- ১৬৬, ৫৬তম বছর

# শিরোনাম

৬ দিনের রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়া ও চীন যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [ডয়চে ভেলে: ০৯]

শিক্ষার্থীদের খেলাধুলার পাশাপাশি পড়াশোনা ও সংস্কৃতি চর্চার মাধ্যমে পারদর্শী হয়ে শক্তিশালী দেশ গড়ার আহ্বান জানিয়েছেন তারেক রহমান। [জাগো এফএম: ১১]

দুবাই সরকার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে খুব শিগ্‌গির বেনজীর আহমেদকে ফেরত দেওয়ার ব্য বস্থা করবে – আশাবাদ ব্যক্ত করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী । [জাগো এফএম: ১৩]

দেশের অলাভজনক ও বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলোতে দেশি-বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার। [রে. টুডে: ২৩]

রোহিঙ্গাদের জন্য আরও জমি বরাদ্দ চেয়েছে জাতিসংঘ, আবেদন নাকচ করে দিয়েছে বাংলাদেশ সরকার। [রে. টুডে: ২৩]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৭ শিশুর মৃত্যু। [জাগো এফএম: ১৮]

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্ত দিয়ে ২০ জনকে বাংলাদেশে `পুশ-ইনের, চেষ্টা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর, প্রতিহত করেছে বিজিবি । [জাগো এফএম: ১৩]

লেবাননে ইসরায়েলি হামলার জেরে হরমুজ প্রণালি বন্ধ করার ঘোষণা দিয়েছে ইরান। [বিবিসি: ০৯]

অস্ট্রেলিয়ায় প্রথমবারের মতো শনাক্ত হয়েছে H5N1 ধরনের বার্ড ফ্লু। [বিবিসি: ২৫]

# বিবিসি

## আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে দেশজুড়ে পুলিশের সর্তকতার কারণ কী?

বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সারা দেশের বিভিন্ন স্থানে আইন-শৃঙ্খলা পরিস্থিতির 'অবনতির' আশঙ্কার কথা বলছে পুলিশ। এ জন্য সারা দেশে পুলিশ সদস্যদের 'প্রয়োজনীয় সতর্কতার' পাশাপাশি 'নিরাপত্তামূলক ব্যবস্থা' নিতে নির্দেশনাও দিয়েছে পুলিশ সদর দপ্তর। গত বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তরের 'গোপনীয়' একটি চিঠিতে বলা হয়েছে, আগামী ২৩ জুন 'নিষিদ্ধ সংগঠন' আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেশের বিভিন্ন জেলায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন এবং প্রতিষ্ঠাবার্ষিকীর ব্যানার নিয়ে প্রকাশ্যে মিছিল হতে পারে। এমন পরিস্থিতিতে, দেশের সব মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও রেঞ্জ ডিআইজি বরাবর পাঠানো ওই বার্তায় প্রতিষ্ঠাবার্ষিকীতে দলটির 'সম্ভাব্য কর্মকাণ্ড মূল্যায়ন' করার কথা বলা হয়েছে। আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে ঘিরে কোনো হুমকি রয়েছে কি-না, শনিবার একটি সংবাদ সম্মেলনে এমন প্রশ্ন করা হয়েছিল স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের কাছে। জবাবে তিনি বলেছেন, ”২৩ জুনকে টার্গেট করে সন্ত্রাসবিরোধী আইনের অধীনে একটি কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দল দেশে বিশৃঙ্খলা ও অস্থিরতা সৃষ্টির চেষ্টা করতে পারে, সেজন্য পুলিশকে সতর্ক করা হয়েছে।„ পুলিশ সদর দপ্তরের চিঠি পাওয়ার পর ঢাকার এরই মধ্যে সবগুলো থানায় সতর্কবার্তা পাঠানো হয়েছে। পুলিশের কয়েকজন কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে নাশকতার আশঙ্কায় ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে চেকপোস্ট বসানো হচ্ছে। তল্লাশি অভিযান শুরু করা হয়েছে। থানায় থানায় বিশেষ সতর্কতাও জারি করা হয়েছে। পুলিশ হেডকোয়ার্টার থেকে যে চিঠিটি দেওয়া হয়েছে, সেখানে সুনির্দিষ্ট করে এনসিপি ও বৈষম্যবিরোধী ছাত্রদের সাথে সংঘর্ষেরও আশঙ্কা করেছে পুলিশ।

এর জবাবে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ বিবিসি বাংলাকে বলেছেন, যে জায়গাগুলোতে আওয়ামী লীগ নাশকতার চেষ্টা করবে, সেখানে সজাগ দৃষ্টি রাখবে এনসিপি। এদিকে, প্রতিষ্ঠাবার্ষিকীর এই কর্মসূচি ঘিরে গত কয়েকদিনে কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের নেতা-কর্মীদের বিভিন্ন ধরনের তৎপরতা লক্ষ্য করা গেছে। ঢাকাসহ দেশের কয়েকটি স্থানে ছোটখাটো মিছিলও করতে দেখা গেছে। দলটির নেতা আ ফ ম বাহাউদ্দিন নাছিম বিবিসি বাংলাকে বলেছেন, প্রতিষ্ঠাবার্ষিকী পালনের মতো কর্মসূচির মধ্যদিয়ে ”সক্রিয় হওয়ার চেষ্টা করবে„ তাদের দল।

### ২৩শে জুন কী করতে পারে আওয়ামী লীগ?

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর, ২০২৫ সালের ১১ মে 'সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯' সংশোধন করে একটি অধ্যাদেশ জারি করে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকার। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ হওয়ার পর বাংলাদেশের নির্বাচন কমিশনও দলটির নিবন্ধন স্থগিত করে। নির্বাচনের বিএনপি জয়লাভের পরদিনই বাংলাদেশের বিভিন্ন জায়গায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলনসহ কিছু কার্যক্রমও চালাতে দেখা গিয়েছিল কার্যক্রম নিষিদ্ধ থাকা দলটির নেতা-কর্মীদের। দলটির নেতা-কর্মীদের কেউ কেউ মনে করেছিলেন, বিএনপি সরকার গঠন করলে আওয়ামী লীগ হয়ত কিছু কার্যক্রমের সুযোগ পাবে। কিন্তু নির্বাচনের পর দেখা গেছে, তেমনটা ঘটেনি বরং বিএনপি সরকারের সময়ে এসে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ সংক্রান্ত সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিলও সংসদে পাস হয়ে গেছে। ক্ষমতাচ্যুত হওয়ার পর দলটির কেন্দ্রীয় নেতাদের অনেকেই আছেন আত্মগোপনে। কেউ কেউ গ্রেফতার অবস্থায় কারাগারেও রয়েছে। এমন পরিস্থিতিতে আগামী ২৩ জুন বাংলাদেশের অন্যতম প্রাচীন এই রাজনৈতিক দলটির ৭৭তম প্রতিষ্ঠা বার্ষিকী। এই কর্মসূচিকে ঘিরে সামাজিক যোগাযোগ মাধ্যমে বেশ সরব দেখা গেছে কার্যক্রম নিষিদ্ধ থাকা দলটির নেতা-কর্মীদের। অন্যদিকে, গত কয়েকদিনে ঢাকাসহ দেশের কয়েকটি স্থানে মুখে মাস্ক পড়ে ছোটো ছোটো মিছিলও বের করতে দেখা গেছে নেতা-কর্মীদের। আগামী ২৩ জুন মঙ্গলবার প্রতিষ্ঠা বার্ষিকীর দিনে আসলে কী করতে চায় কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগ, এমন প্রশ্ন ছিল আত্মগোপনে থাকা দলটির যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিমের কাছে। জবাবে তিনি বলেছেন, দলটি বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে এবং সেগুলো সফল করতে ”দলীয় নেতা-কর্মীরা যখনই সক্রিয় হয়েছে, তখনই তাদের গণগ্রেফতার করা হচ্ছে।„

### সরকারের হুঁশিয়ারি, নিরাপত্তা জোরদার

গত ১৮ জুন বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তরের ডিআইজি মো. কামরুল আহসানের স্বাক্ষরিত একটি চিঠিতে বলা হয়, ”দেশের বিভিন্ন জেলায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলনে এবং প্রতিষ্ঠাবার্ষিকীর ব্যানার নিয়ে প্রকাশ্যে মিছিল করতে পারে আওয়ামী লীগ।„ দেশের সব মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও রেঞ্জ ডিআইজি বরাবর পাঠানো ওই চিঠিতে আওয়ামী লীগের এই কর্মকাণ্ডে বাধা দিলে আইন-শৃঙ্খলা বাহিনীর উপর তারা ”ক্ষুব্ধ হতে পারে„ বলেও আশঙ্কা করা হয়েছে। শনিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, ”আমরা রাজনৈতিকভাবে বলি- এটা কোনো রাজনৈতিক দল নয়, এটা একটা মাফিয়া পার্টি। তারা বাংলাদেশে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাইলে পুলিশ বাহিনী তার দায়িত্ব পালন করবে।„ ঢাকা মেট্রোপলিটন পুলিশ বা ডিএমপির

অতিরিক্ত কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস্) এস এন মো. নজরুল ইসলাম বিবিসি বাংলাকে বলেছেন, পুলিশ হেডকোয়ার্টার্সের এ সংক্রান্ত চিঠি তারাও পেয়েছেন। তিনি জানান, চলতি সপ্তাহে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী শুধু না, আশুরাও পালিত হবে সামনে (আগামী শুক্রবার)। এই কারণে ঢাকায় যেন কোনো ধরনের কিছু অপ্রীতিকর কিছু না হয়, সেজন্য সর্বোচ্চ সতর্ক রয়েছে পুলিশ। পুলিশ কর্মকর্তা মি. ইসলাম বলেন, "সব কিছু বিবেচনায় নিয়ে আমাদের রেগুলোর পুলিশি কার্যক্রমের পাশাপাশি অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় চেকপোস্ট বসানো হচ্ছে। বিভিন্ন হোটেল মোটেলে ব্লক রেড হচ্ছে। যারা চাঁদাবাজি বা সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে জড়িত, তাদেরকেও খোঁজা হচ্ছে। আমরা সর্বোচ্চ সতর্ক অবস্থায় আছি।„ পুলিশ জানায়, গত বৃহস্পতিবার ঢাকার মহাখালীতে একটি ঝটিকা মিছিল বের করে কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা। এ সময় কয়েকটি ককটেল বিস্ফোরণেরও ঘটনা ঘটে। ওই ঘটনাকে কেন্দ্র করে এখন পর্যন্ত তিনজনকে আটক করা হয়েছে। এদিকে, ঢাকার দুইটি থানার কয়েকজন পুলিশ কর্মকর্তার সাথেও কথা বলেছে বিবিসি বাংলা। ওই কর্মকর্তারা জানিয়েছেন, আওয়ামী লীগের এই কর্মসূচিকে ঘিরে ঢাকায় যেন মিছিলসহ কোনো ধরনের কর্মসূচির পালন করতে না পারে, সেদিকে নজরদারি রাখতে পুলিশকে সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে ডিএমপির পক্ষ থেকে।

**কোন প্রক্রিয়ায় মোকাবিলা করবে সরকার?**

অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকারের সময় আওয়ামী লীগের কার্যক্রমে শুধু নিষেধাজ্ঞা না, ক্ষমতাচ্যুত দলটির নেতা-কর্মীদের বিরুদ্ধে কঠোর অবস্থানেও দেখা গিয়েছিল। তবে, চলতি বছরের ১২ ফেব্রুয়ারি নির্বাচনের পর থেকে দেশের বিভিন্ন স্থানে কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগকে কিছুটা সরব হয়ে ওঠে। রাজধানী ঢাকাসহ বিভিন্ন জায়গায় মিছিল, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনতে 'শপথ' নিতে দেখা গেছে দলটির নেতাকর্মীদের। গত কয়েকদিন আওয়ামী লীগ কর্মী সমর্থকদের সামাজিক যোগাযোগ মাধ্যমে এমন প্রচারণাও চালাতে দেখা গেছে যে, ভারতে আশ্রয় নেওয়া শেখ হাসিনা দেশে ফিরে আসবে শিগ্‌গিরই। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ থাকলেও সারা দেশে দলটির সাংগঠনিক কাঠামো সক্রিয় রয়েছে। রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কাজী মারুফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "কার্যক্রম নিষিদ্ধ থাকলেও আওয়ামী লীগ তাদের উপস্থিতি জানান দিতে সক্রিয় হয়ে উঠছে। এটা তাদের রাজনীতিরই অংশ।„ তবে, সরকার এই কার্যক্রমকে আইনিভাবে, নাকি রাজনৈতিকভাবে মোকাবিলা করবে, সেই বিষয়টিকে গুরুত্ব দিয়ে দেখছেন তিনি। অধ্যাপক ইসলাম বিবিসি বাংলাকে বলছিলেন, "আওয়ামী লীগ কার্যক্রম চালানোর চেষ্টা করলে সেটিকে মোকাবিলা করার দুইটি জায়গা রয়েছে। প্রথমত, কার্যক্রম নিষিদ্ধ থাকায় যখনই তারা কোনো কর্মসূচি পালন করবে, সেটি আইন প্রয়োগ করে সরকার মোকাবিলা করতে পারে।„ "একই সাথে রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের এই কার্যক্রমগুলোকে সরকারি দলের মোকাবিলা করতে গেলে তাদের একটা রাজনৈতিক কৌশল নিয়ে ভাবতে হবে,„ যোগ করেন তিনি। যদিও শনিবার সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ স্পষ্টতই আইনি দিকটিতেই বেশি গুরুত্ব দিয়েছেন। বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তর থেকে যে চিঠিতে সর্তকতা দেওয়া হয়েছে, সেখানে আওয়ামী লীগের এই কর্মসূচিকে ঘিরে বিদ্যমান অন্যান্য রাজনৈতিক দল, বিশেষ করে এনসিপির নেতাকর্মী এবং বৈষম্যবিরোধী ছাত্রদের সাথে সংঘর্ষ তৈরির আশঙ্কাও করা হয়েছে। যে কারণে এনসিপি এই বিষয়ে সরকারকে যথাযথ পদক্ষেপ নেওয়ারও আহ্বান জানিয়েছে। এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ বিবিসি বাংলাকে বলেছেন, "আওয়ামী লীগের বিভিন্ন গ্রুপের তথ্য ফাঁস হলে সেখানে দেখতে পাই, তাদের ক্ষোভ এনসিপির প্রতি। যদি এমন কিছু থাকে, তাহলে আমরা আশা করবো, সরকার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।„ এমন পরিস্থিতিতে কী মাঠে নেমে আওয়ামী লীগকে প্রতিহত করবে ছাত্রদের নতুন এই রাজনৈতিক দলটি? জবাবে এনসিপি নেতা মি. মাহমুদ বলেছেন, সাধারণত ঢাকার যেই জোনগুলোতে আওয়ামী লীগ নাশকতা করার চেষ্টা করে, সেই জোনগুলোতে এনসিপি নেতাকর্মীরা সজাগ দৃষ্টি রাখবে। (বিবিসি ওয়েব পেজ : ২০.০৬.২০২৬ আলী আহমেদ)

## হজ ব্যবস্থাপনায় অনিয়ম-দুর্নীতি, কোরবানির টাকা আত্মসাতের অভিযোগ

"হজ করে আসলে মনের সন্তুষ্টির একটা বিষয় থাকে। কিন্তু আমাদের তো সেই অসন্তুষ্টিই রয়ে গেলো। এখন কী এই অসন্তুষ্টি নিয়েই বাকিটা জীবন পার করতে হবে?„ আক্ষেপ করে কথাগুলো বলছিলেন হজ করে সদ্য দেশে ফেরা নজরুল ইসলাম খান। চাকরির পেনশনের টাকাসহ বছরের পর বছর ধরে জমানো অর্থ খরচ করে স্ত্রীকে নিয়ে সম্প্রতি তিনি সৌদি আরব গিয়েছিলেন হজ করতে। কিন্তু হজ শেষে মি. খানের মনে সন্দেহ জন্মে যে, বেসরকারি যে ট্রাভেল এজেন্সির মাধ্যমে তিনি হজে গিয়েছিলেন, পশু কোরবানি না করে তারা সেই টাকা আত্মসাৎ করেছেন। ফলে হজ সম্পন্ন হয়েছে কি-না, সেটি নিয়েই এখন দুশ্চিন্তায় দিন পার করছেন ষাটোর্ধ্ব এই প্রবীণ। "এজেন্সি আমাদের বলেছিল যে, কোরবানি হয়ে গেছে, আপনারা এখন মাথা ন্যাড়া করে ফেলেন। তো আমরা সেটা করলাম। পরে রাতে আমাদের সাথে কিছু ইয়াং ছেলে যারা ছিল, তারা সৌদি সরকারের ডিজিটাল সিস্টেম চেক করে দেখে, আমাদের কোরবানির কোনো তথ্য সেখানে নেই,„ বলেন মি. খান। এ ঘটনার পর তিনিসহ অন্য হাজিরা হজ এজেন্সির কর্মকর্তাদের সঙ্গে

যোগাযোগ করেন। "সেখানে আমরা আমাদের এজেন্সি আল মুলতাজিমের মালিক ফরিদ সাহেবকে এটার ব্যাপারে জিজ্ঞাসা করি, কিন্তু তিনি যথাযথভাবে সদুত্তর দিতে পারেননি,, বলেন ঢাকার মোহাম্মদপুরের বাসিন্দা মি. খান। বাংলাদেশ থেকে এর আগে যারা হজ করতে যেতেন, তারা চাইলে নিজেরাই পশু কিনে কোরবানি দিতে পারতেন। কিন্তু চলতি বছর থেকে নুসুক অ্যাপের মাধ্যমে কোরবানির কার্যক্রম পরিচালনা করা বাধ্যতামূলক করেছে সৌদি সরকার।

এক্ষেত্রে কোরবানি ঠিকঠাক হয়েছে কি-না, অ্যাপে সেটি দেখার সুযোগ রাখা হয়েছে। হজযাত্রীরা সহজেই যেন সেই তথ্য দেখতে পারেন, সে লক্ষ্যে ব্যবস্থা নেওয়ার জন্য এজেন্সিগুলোর প্রতি নির্দেশনা দিয়ে হজের আগে একটি প্রজ্ঞাপনও জারি করে বাংলাদেশ সরকার। কিন্তু অনেক এজেন্সি সেই নির্দেশ মানেনি। ফলে কোরবানি হয়েছে কি-না, সেটি নিয়ে হাজিদের অনেকের মধ্যেই সন্দেহ রয়ে গেছে। অন্যদিকে, বাংলাদেশ থেকে যাওয়া হাজিদের মধ্যে অনেকেরই হজের বিভিন্ন বিষয় সম্পর্কে সুস্পষ্ট ধারণা নেই। এটাকে সুযোগ হিসেবে কাজে লাগিয়ে অনেক এজেন্সি অনিয়ম-দুর্নীতিতে জড়াচ্ছে। এক্ষেত্রে কোরবানির টাকা নিলেও তারা যখন হজযাত্রীদের নাম নিবন্ধন করছে, তখন বিভিন্ন এজেন্সি তাদের অন্য ক্যাটাগরিতে ফেলছে, যে হজের জন্য বা যাদের জন্য পশু কোরবানি আবশ্যক নয়। আবার হজ পালনকালে কোনো ভুল হলে বা নিয়মের ব্যত্যয় ঘটলে, সেটি শুদ্ধ করার জন্য অতিরিক্ত একটি কোরবানি দেওয়ার যে বিধান রয়েছে, সেটির টাকাও অনেকের কাছ থেকে হজের আগেই কেটে রাখা হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে হজযাত্রীদেরকে এজেন্সির কর্মী হিসেবে দেখানোর ঘটনাও ঘটছে। এগুলো নিয়ে হাজিদের মধ্যে ক্ষোভ দেখা গেলেও, নজরদারি করে সব এজেন্সিকে জবাবদিহিতার আওতায় আনতে পারছে না ধর্ম মন্ত্রণালয়। "তাহলে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীরা কী কাজ করেন? তাদেরকে রাখার প্রয়োজনটা কী যদি তারা এগুলো ঠিকঠাক তদারকি করতে না পারেন,, ক্ষোভ প্রকাশ করে বলেন, সদ্য হজ শেষে দেশে ফেরা নজরুল ইসলাম খান।

বাংলাদেশ থেকে প্রতিবছর যারা হজে যাচ্ছেন, তাদের মধ্যে কে কোন হজ করছেন, সেটির সঠিক কোনো পরিসংখ্যান নেই সরকারের কাছে। ফলে কোনো ক্ষেত্রে অনিয়ম-দুর্নীতির ঘটনা ঘটলে সেটার বিষয়ে অভিযোগ না পাওয়া পর্যন্ত ব্যবস্থা নেওয়ার খুব একটা নজির নেই বলে জানাচ্ছেন কর্মকর্তারা। "হাজিদের মধ্যে কেউ যদি অনিয়ম-দুর্নীতির শিকার হয়ে থাকেন, সেটার বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেওয়ার সুযোগ অবশ্যই আছে। কিন্তু সেজন্য সুনির্দিষ্ট অভিযোগ নিয়ে আমাদের কাছে আসতে হবে। অভিযোগ পেলে আমরা অবশ্যই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো,, বিবিসি বাংলাকে বলছিলেন ধর্ম মন্ত্রণালয়ের হজ অনুবিভাগের অতিরিক্ত সচিব আয়াতুল ইসলাম।

**এক হজের কথা বলে আরেক হজ**

হজ মৌসুমে তিন ধরনের হজ পালন করে থাকেন মুসলমানরা। সেগুলো হলো : তামাত্তু, কিরান এবং ইফরাদ হজ। এর মধ্যে তামাত্তু হজে ওমরাহ শেষে হজ পালন করা হয়। আর কিরান হজে একই ইহরামে ওমরাহ ও হজ সম্পন্ন করতে হয়। এই দুই হজের ক্ষেত্রেই পশু কোরবানি দিতে হয়। কিন্তু আর্থিক অসচ্ছলতার কারণে কেউ কোরবানি দিতে না পারলে সেটার পরিবর্তে রোজা রাখারও বিধান আছে। অন্যদিকে, ইফরাদ হজে ওমরাহ নেই। এক্ষেত্রে হাজিরা শুধুমাত্র মূল হজ পালন করেন এবং তাদের জন্য পশু কোরবানির বাধ্যবাধকতা নেই। কিন্তু বাংলাদেশ থেকে প্রতিবছর যারা হজে যান, তাদের মধ্যে অনেকেরই হজের এসব প্রকার সম্পর্কে সুস্পষ্ট ধারণা নেই। ফলে এটাকে সুযোগ হিসেবে গ্রহণ করে এজেন্সিগুলো অনিয়মের মাধ্যমে মোটা অঙ্কের অর্থ হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। "আমি যে কাফেলার সঙ্গে গিয়েছি, তাদের মধ্যে একজনও পাইনি, যিনি ইফরাদ হজ করেছেন। অথচ এজেন্সি সৌদি সরকারকে যে তথ্য দিয়েছে, সেখানে তারা শতাধিক ব্যক্তিকে ইফরাদ হাজি হিসেবে দেখিয়েছে,, বিবিসি বাংলাকে বলছিলেন সানজিদুল আলম। পেশায় চিকিৎসক মি. আলম থাকেন যুক্তরাষ্ট্রে। মাস দুই আগে তিনি দেশে ফিরেছিলেন পরিবারের সদস্যদের নিয়ে একসঙ্গে হজ করার উদ্দেশ্যে। তিনি যে এজেন্সির মাধ্যমে হজে গিয়েছিলেন, সেটির নাম আল মূলতাজিম হজ কাফেলা ট্রাভেলস অ্যান্ড ট্যুর। এই এজেন্সিটি তাদের ৮০ জন হজযাত্রীকে সৌদি আরব পাঠিয়েছিল চট্টগ্রামভিত্তিক দূয়ুফুর রহমান ট্রাভেলস নামের আরেকটি বড়ো এজেন্সির মাধ্যমে। চলতি বছর দূয়ুফুর থেকে প্রায় ২২০০ জনকে হজে পাঠানো হয়েছে। তাদের মধ্যে কোরবানির টাকা জমা দেওয়া হয়েছে মাত্র ১৩৫০ জনের নামে। বাকি ৮৫০ জন কোরবানি দিতে চাননা বলে সৌদি সরকারকে জানিয়েছে এজেন্সিটি। কিন্তু হজ অফিসের কর্মকর্তারা নিজেরাই জানাচ্ছেন যে, বাংলাদেশ থেকে যাওয়া হজযাত্রীদের মধ্যে কম ব্যক্তিই কোরবানি ছাড়া হজ পালন করে থাকেন। "আমরা জানি এবং সকলেই জানে যে, বাংলাদেশের অধিকাংশ লোকজনই তামাত্তু হজ করে। কিছু ক্ষেত্রে ইফরাদ বা অন্য হজ করে। তবে সেই সংখ্যাটা খুবই কম,, বলেন ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আয়াতুল ইসলাম। ফলে হাজিদের মধ্যে সন্দেহ জন্ম নিয়েছে যে, তামাত্তু হজের কথা বলে এজেন্সিগুলো তাদেরকে সৌদি আরবে নিয়ে ইফরাদ হজে নিবন্ধন করেছে। "আর ইফরাদ হজে যেহেতু কোরবানি বাধ্যতামূলক না, সেজন্য কোরবানি না দিয়ে তারা আমাদের টাকাটা আত্মসাৎ করেছে বলে মনে হচ্ছে,, বলেন নজরুল ইসলাম খান। আবার কোনো কোনো হাজিকে এজেন্সি তাদের কর্মী হিসেবে দেখিয়েছে। "আমাদের সাথে যারা হজে গিয়েছিলেন, তাদের অনেকের সাথেই এটা ঘটেছে,, বলছিলেন চট্টগ্রামের বাসিন্দা আরাফাত রহমান। যদিও প্রথমদিকে তারা কেউই বিষয়টি ধরতে পারেননি

বলে জানান তিনি। ”পরে লিস্টে যখন দেখা গেল যে, হাজিদেরকেই এজেন্সি তাদের কর্মী ও গাইড হিসেবে দেখিয়েছে, তখন আমরা এজেন্সিকে ধরলাম। কিন্তু তারা বলতেছে যে, এটা ভুল বোঝাবুঝি হচ্ছে,„ বলেন মি. রহমান।

**'চারটা কোরবানির টাকা নিয়েছে'**

বাংলাদেশ থেকে এ বছর যারা হজ করতে গেছেন, তাদের অনেকের কাছ থেকেই নানান অজুহাতে বাড়তি অর্থ নিয়েছে। এক্ষেত্রে মূল প্যাকেজের বাইরে কোরবানির জন্য অতিরিক্ত অর্থ যেমন নেওয়া হয়েছে, তেমনি হজের আগেই 'ভুলের দম' বাবদ বাড়তি আরেকটি কোরবানির টাকা নেওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। হজ পালনের ক্ষেত্রে কোনো ভুল হলে অতিরিক্ত একটি পশু কোরবানি দেওয়ার নিয়ম ইসলামে রয়েছে, যা 'ভুলের দম' নামে পরিচিত। এটি সাধারণ হজের পরে দিতে হয়। কিন্তু অনেক এজেন্সি হজের আগেই ওই কোরবানির অর্থ নিয়েছে। এছাড়া সরকার নির্ধারিত হজ প্যাকেজের মূল্যের চেয়ে বেশি অর্থ দিয়ে হজে নেওয়ার অভিযোগও রয়েছে। ”সরকারি নিয়ম অনুযায়ী, সাড়ে ছয় লাখের প্যাকেজের মধ্যেই কোরবানি অর্ন্তভুক্ত থাকার কথা। কিন্তু আমাদের এজেন্সি কোরবানি ছাড়াই নিয়েছে ছয় লাখ ৭০ হাজার টাকা,„ হজ শেষে দেশে ফিরে বিবিসি বাংলাকে বলছিলেন একেএম আহসানুজ্জামান। এরপর একটা হজের কোরবানি আর একটা হজের দমের টাকা নিয়েছে বলে জানান তিনি। ”আমাদের পরিবার থেকে আমরা চারজন হজে গিয়েছিলাম এবং প্রত্যেকের কাছ থেকেই ওরা প্রায় চারটা কোরবানির টাকা নিয়েছে,„ যোগ করেন মি. আহসানুজ্জামান। কিন্তু তারপরও তাদের নামে কোরবানি দেওয়া হয়েছে কি-না, সেটি নিয়ে সন্দিহান ঢাকার বনশ্রী এলাকার এই বাসিন্দা। ”কারণ ওরা কোরবানির কোনো প্রমাণ আমাদের দেখাতে পারেনি। কেবল মুখে মুখেই বলে যাচ্ছে যে, কোরবানি ঠিকঠাক হয়ে গেছে,„ বলেন মি. আহসানুজ্জামান।

**তথ্য নেই নুসুক অ্যাপে**

পশু কোরবানি হওয়া নিয়ে হাজিদের কারো কারো মধ্যে যে সন্দেহ দেখা যাচ্ছে, সেটির মূল কারণ সরকারি নির্দেশনা থাকার পরও নুসুক অ্যাপে কোরবানির তথ্য যুক্ত না করা। গত ৭ মে প্রকাশিত ধর্ম মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, ”হজ মৌসুমে বাংলাদেশে থেকে আগত হজযাত্রীদের কোরবানি (আদাহি) কার্যক্রম নুসুক মাসার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করতে হবে।„ সেখানে আরো বলা হয়, কোরবানি সম্পন্ন হওয়ার তথ্যও অ্যাপটিতে সংযুক্ত করতে হবে, যাতে হাজিরা সহজেই সেটি দেখতে পারেন। কিন্তু এজেন্সিগুলোর সবাই এই নির্দেশনা মানেনি। ”অথচ মক্কায় থাকতেই আমরা অন্য দেশের হাজিদের দেখেছি যে, তারা নুসুক অ্যাপের মাধ্যমেই কোরবানির সব তথ্য পাচ্ছেন। কখন কোথায় কোরবানি দেওয়া হয়েছে, সব ডিটেইল সেখানে দেখা যাচ্ছে। অথচ আমরা পারছি না। এটা দেখার পর আমাদের সন্দেহ আরও পোক্ত হয়েছে,„ বলছিলেন সানজিদুল আলম। এজেন্সিগুলোর এসব কর্মকাণ্ডে ক্ষুব্ধ হয়ে মি. খানসহ আরও কয়েকজন হাজি মক্কায় থাকতেই সেখানকার বাংলাদেশে হজ অফিসে লিখিত অভিযোগ করেন। অভিযোগ তদন্তে পরবর্তীতে অভিযুক্ত এজেন্সিগুলোর কর্মকর্তাদের ডেকে পাঠানো হয়। এরপর যে শুনানি অনুষ্ঠিত হয়, সেখানে অভিযোগকারী হাজিদের মধ্যে নজরুল ইসলাম খানসহ আরো বেশ কয়েকজন উপস্থিত ছিলেন। ”সেখানে হজ অফিসের কর্মকর্তারা আমাদের অভিযোগগুলোর বিষয়ে এজেন্সির লোকদের কাছে ব্যাখ্যা চান, কিন্তু তারা কোনো সদুত্তর দিতে পারেনি,„ বলেন মি. খান।

**সমঝোতার চেষ্টা**

দেশে ফেরার পর অভিযোগকারী হাজিদের সঙ্গে যোগাযোগ শুরু করেছে অভিযুক্ত এজেন্সিগুলো। ”হজ প্যাকেজের চেয়ে অতিরিক্ত যে অর্থ ওরা নিয়েছিল, এখন সেটা ফেরত দিতে চাচ্ছে। তবে শর্ত হচ্ছে, তাদের বিরুদ্ধে সব অভিযোগ তুলে নিয়ে সেই মর্মে একটা কাগজে সই দিতে হবে,„ বলছিলেন সদ্য হজ করে আসা একেএম আহসানুজ্জামান। গত ১৬ জুন বিকেলে এজেন্সির প্রতিনিধিরা মি. আহসানুজ্জামানের বনশ্রীর বাসায় যান। খবর পেয়ে বিবিসি বাংলাও সেখানে উপস্থিত হয়। সেখানে গিয়ে আল মূলতাজিম হজ কাফেলা ট্রাভেল অ্যান্ড ট্যুরসের স্বত্বাধিকারী ফরিদ আহমদের কাছে কোরবানির অর্থ আত্মসাতের অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি সেটি অস্বীকার করেন। ”আমরা কোনো টাকা আত্মসাৎ করিনি। ৮০ জনের মধ্যে আমরা ৭৫ জনের কোরবানির টাকা জমা দিয়েছি আমাদের লিড এজেন্সি দূয়ুফুর রহমান ট্রাভেলসের কাছে,„ বলেন মি. আহমদ। বাকি যে পাঁচজনের কোরবানি দেওয়া হয়নি, তাদের বিষয়ে জানতে চাইলে এজেন্সির এই কর্মকর্তা দাবি বলেন, তারা এজেন্সিটির কর্মকর্তা-কর্মচারী এবং সবাই ইফরাদ হজ করেছেন। তবে হজের আগেই দমের টাকা নেওয়ার কথা স্বীকার করেন তিনি। ”এটা আমরা আগেই নিয়েছি, কারণ এখানে বাংলাদেশে থেকে নিয়ে গেছে ওইখানে (সৌদি আরবে) আমরা কারেন্সি কীভাবে নিয়ে যাবো। সেজন্য দেশে থাকতেই নিয়েছি,„ বলেন মি. আহমদ। দমের টাকা ফেরত দেওয়ার শর্ত হিসেবে অভিযোগ তুলে নেওয়ার চাপের কথা অস্বীকার করেন আল মূলতাজিমের কর্ণধার। ”এটা চাপের কিছু না। আমরা কোনো অন্যায় করিনি। যেটা হয়েছে, সেটা ভুল বোঝাবুঝি। সেজন্য সই নিয়ে টাকা ফেরত দিচ্ছি। সই নিচ্ছি, কারণ তারা হজ অফিসে অভিযোগ করেছে। এটা তুলে না নিলে আমাদের সমস্যা হবে,„ বলেন মি. আহমদ। হাজিদের মধ্যে যারা লিখিত অভিযোগ করেছেন, তারা

কোরবানির তথ্য-প্রমাণ না পাওয়া পর্যন্ত অভিযোগ তুলবেন না বলে জানান। "আমরা চাই, এ ধরনের সমস্যার মধ্যে যেন ভবিষ্যতে আর কেউ না পড়ে," বলছিলেন আহসানুজ্জামান।

**কী বলছে অভিযুক্ত এজেন্সিগুলো?**

আল মূলতাজিম বলছে যে, কোরবানির প্রমাণ দিতে পারবে, তাদের লিড এজেন্সি দূয়ুফুর রহমান ট্রাভেলস। বিষয়টি নিয়ে এজেন্সিটির কর্ণধার আব্দুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি দাবি করেন, সকল প্রমাণ তাদের কাছে আছে। "কারো যদি জিজ্ঞাসা থাকে, তাহলে অবশ্যই আমরা সেটা দেখাবো। কিন্তু একজন একজন করে তো দেখানো সম্ভব না...মন্ত্রণালয় করতে চাইলে তাদেরকে দেব," বলেন মি. রহমান। সরকারের নির্দেশনা থাকার পরও নুসুক অ্যাপে কোরবানির তথ্য কেন দেওয়া হয়নি? জবাবে দেশের অন্যতম বড়ো হজ এজেন্সি এই মালিক বলেন, "হঠাৎ করে নতুন নিয়ম করায় এটা সম্ভব হয়নি। এটার জন্য যে আইটি ম্যান লাগবে, সেটা এখন নাই। দ্রুতই নিয়োগ দেব, তখন পরেরবার থেকে আর সমস্যা হবে না।" এছাড়া ২২০০ হজযাত্রীর মধ্যে সাড়ে আটশ জনের কোরবানি না দেওয়ার বিষয়ে জানতে চাইলে মি. রহমান দাবি করেন, ওই হাজিরা তাদের কাছে কোরবানির টাকা দেননি। "তারা হয়ত নিজেরাই আলাদাভাবে কোরবানি দিতে চেয়েছে। কিন্তু যেহেতু সৌদি সরকারের কাছে তাদেরকে একটা ক্যাটাগরিতে দেখাতে হবে, সেজন্য আমরা কোরবানি ছাড়াই দেখিয়েছি," বলেন মি. রহমান। তবে ঠিক কারা কোরবানি দেননি, তাদের বিষয়ে কোনো তথ্য দিতে রাজি হননি তিনি। ধর্ম মন্ত্রণালয় চাইলে তথ্য দিবেন বলে জানিয়েছেন। বাংলাদেশে সরকার অনুমোদিত হজ এজেন্সির সংখ্যা সাড়ে সাতশ'রও বেশি। এসব এজেন্সির মাধ্যমেই প্রতিবছর বেশিরভাগই মানুষ হজে যান। চলতি বছর যে সাড়ে ৭৮ হাজার হজযাত্রী সৌদি আরব গিয়েছেন, তাদের মধ্যেও প্রায় ৭৪ হাজারই গেছেন বেসরকারি এজেন্সির মাধ্যমে। কিন্তু তাদের মধ্যে ঠিক কতজন কোরবানির অর্থ জমা দিয়েছেন এবং তাদের সবার কোরবানি ঠিকঠাক হয়েছে কি-না, এখন পর্যন্ত সেটির সঠিক তথ্য নেই মন্ত্রণালয়ের কাছে। ফলে একটি বিকল্প উপায় ছিল সৌদি সরকারের নুসুক অ্যাপ। কিন্তু এজেন্সিগুলোর সবাই সরকারি নির্দেশ মেনে কোরবানির তথ্য সেখানে সংযুক্ত না করায় হাজিদের মধ্যে সন্দেহ তৈরি হয়েছে। এক্ষেত্রে যে-সব এজেন্সি সরকারি নির্দেশ মানেনি, তাদের বিষয়ে কী কোনো ব্যবস্থা নেওয়া হবে? "নির্দেশনা না মানলে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে," বলেন অতিরিক্ত সচিব আয়াতুল ইসলাম। কিন্তু কোন এজেন্সি এই নির্দেশনা মানেনি, সেটা বের করার কার্যকর কোনো উপায় এখন পর্যন্ত সরকারের কাছে নেই। "আপাতত আমরা হাজিদের অভিযোগের ভিত্তিতেই কাজ করছি। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে," বলেন ধর্ম মন্ত্রণালয়ের কর্মকর্তা মি. ইসলাম।

(বিবিসি ওয়েব পেজ : ২০.০৬.২০২৬ আলী আহমেদ)

## যে-সব ঘটনায় আলোচনায় স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম

বাংলাদেশে গত ফেব্রুয়ারির সাধারণ নির্বাচনের পর ক্ষমতায় আসা বিএনপি সরকারের স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম বেশ কিছু ঘটনায় সম্প্রতি আলোচনায় এসেছেন। মূলত নিজের এলাকা বগুড়ায় দুটি উপজেলার তিনটি নতুন ইউনিয়নের নামকরণ নিয়ে সংবাদ মাধ্যম ও সামাজিক মাধ্যমে সমালোচনার শিকার হন মীর শাহে আলম। আবার ওই বিতর্কের মধ্যেই নিজ এলাকায় স্কুলের নাম প্রতিমন্ত্রীর নামে করতে স্কুল কমিটির প্রস্তাব এবং একজন সাংবাদিকের বিরুদ্ধে মামলার ঘটনায়ও বিতর্কের মুখে পড়েছেন তিনি। সম্প্রতি তার এলাকায় নতুন তিন ইউনিয়নের একটির নাম 'মীরবাড়ী ইউনিয়ন' এবং অপর দুটির নাম 'সীমান্ত ইউনিয়ন' ও 'দিগন্ত ইউনিয়ন' করা হলে তীব্র সমালোচনা শুরু হয়, যা শেষ পর্যন্ত জাতীয় সংসদেও তুলে ধরেছেন একজন এমপি। বিশেষ করে, দুটি ইউনিয়ন তার দুই সন্তানের নামে রেখেছেন এমন অভিযোগ ওঠে। অভিযোগটি তিনি নিজে প্রত্যাখ্যান করলেও, বিতর্কের কারণে শেষ পর্যন্ত দুই ইউনিয়নের নাম প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেই পরিবর্তনের নির্দেশ দিয়েছেন। বগুড়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বিবিসি বাংলাকে জানিয়েছেন, প্রধানমন্ত্রী নিজেই তাকে নির্দেশনা দিয়েছেন এবং এ বিষয়ে সরকারের আনুষ্ঠানিক একটি চিঠি আজই জেলা প্রশাসনের হাতে এসে পৌঁছাবে। মীর শাহে আলম বগুড়া-২ আসনে বিএনপি থেকে নির্বাচিত এমপি এবং সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী। সংসদে দেওয়া বিবৃতিতে ও পরে প্রেস রিলিজ দিয়ে তিনি তার বিরুদ্ধে আনা অভিযোগগুলো প্রত্যাখ্যান করেছেন। এসব বিষয়ে কথা বলার জন্য প্রতিমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করা হলেও, সংবাদ মাধ্যমে তিনি কোনো কথা বলবেন না বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন তার দফতরের একজন কর্মকর্তা।

এদিকে, একজন রাজনৈতিক বিশ্লেষক বলছেন, ক্ষমতাকে ব্যবহার করে নিজের ব্যক্তিগত আকাঙ্ক্ষা ও অভিলাষ চরিতার্থ করার দায়ে সরকারের কাছ থেকে শাস্তি পাওয়ার নজির নেই বলেই বাংলাদেশে এ ধরনের ঘটনা ঘটে।

**ইউনিয়নের নাম, প্রতিমন্ত্রীর ব্যাখ্যা ও প্রধানমন্ত্রীর নির্দেশনা**

স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের নির্বাচনি এলাকায় নতুন দুটি ইউনিয়নের নাম তার দুই ছেলের নামে করার অভিযোগ গত ১৫ জুন জাতীয় সংসদে তুলেছিলেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ। মি. মাসুদ বলেন, "স্থানীয় সরকার প্রতিমন্ত্রীর এলাকার দুটি উপজেলায় কয়েকটি ইউনিয়ন হয়েছে। সেখানে ওনার পরিবার

বা মীর বংশের নামে একটা ইউনিয়নের নাম করা হয়েছে। ওনার দুই সন্তানের নামে দুইটা ইউনিয়নের নাম করা হয়েছে।„ পরে ওইদিনই সংসদে এ বিষয়ে ব্যক্তিগত কৈফিয়ত দিয়ে প্রতিমন্ত্রী মি. আলম দাবি করেন, নতুন ইউনিয়নের নামের সাথে তার সন্তানদের নাম 'মিরাক্যালি' মিলে গেছে। তিনি বলেন, "স্থানীয় প্রশাসন, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক যাচাই-বাছাই করে গণশুনানি করে সৈয়দপুর ইউনিয়নটি যেহেতু গাবতলী ও সোনাতলা সীমান্তে, সেই কারণে সৈয়দপুরের সাথে নাম মিল করে সীমান্তবর্তী হওয়ায় নতুন ইউনিয়নের নাম করেছে সীমান্ত ইউনিয়ন।„ তিনি আরো বলেন, "আরেকটি ইউনিয়নের নাম ছিল দেউলী ইউনিয়ন। যেটি গাইবান্ধার একদম কাছে, অনেক দূরে হওয়ায় যে কারণে স্থানীয় প্রশাসন এবং জনগণের শুনানিতে সেই ইউনিয়নের নাম রাখা হয়েছে দিগন্ত ইউনিয়ন।„ "মিরাক্যালি আমার সন্তানদের নামের সাথে মিলে গেছে ঠিকই। আমার সন্তানের নাম হচ্ছে মীর সীমান্ত ও মীর দিগন্ত। আমার যদি ইনটেনশন থাকতো সন্তানের নামে ইউনিয়নের নামকরণ করার, তাহলে তো আমি প্রশাসনকে বলতাম মীর সীমান্ত ও মীর দিগন্ত রাখার। কিন্তু ইউনিয়নের নামের আগে তো মীর নাই,„ বলেছেন মি. আলম। কিন্তু এ ব্যাখ্যার পরেও সামাজিক মাধ্যমে তীব্র সমালোচনার পাশাপাশি বিএনপির মধ্যেও নানা ধরনের আলোচনা শুরু হয়। বিষয়টি দলের জন্য 'বিব্রতকর' হয়ে উঠছিল বলেও বিবিসি বাংলাকে বলেছেন দলের চেয়ারম্যানের উপদেষ্টা পরিষদের একজন সদস্য। তিনি তার নাম প্রকাশ না করার অনুরোধ করেছেন। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী তারেক রহমান নিজেই এই ইউনিয়ন দুটির নাম পরিবর্তনের নির্দেশ দিয়েছেন। "যেহেতু নাম নিয়ে বিতর্ক হয়েছে, সেজন্য প্রধানমন্ত্রী নাম পরিবর্তনের নির্দেশনা দিয়েছেন। এখন আইন অনুযায়ী নতুন করে গণশুনানি করে সবার মতামত নিয়ে উপজেলা প্রশাসন নতুন নাম ঠিক করে জেলা প্রশাসনকে জানানোর পদক্ষেপ নেবে,„ বিবিসি বাংলাকে বলেছেন বগুড়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান।

**সাংবাদিক কারাগারে, প্রতিমন্ত্রীর ব্যাখ্যা**

এদিকে, প্রতিমন্ত্রীকে নিয়ে সংবাদ প্রকাশ করার পর স্থানীয় একটি পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদকের নামে মামলা করেছেন স্থানীয় আরেকজন সাংবাদিক এবং তাকে আটক করে আদালতের মাধ্যমে কারাগারেও পাঠানো হয়েছে। এই মামলায় স্থানীয় মোট ছয়জন সাংবাদিককে আসামি করার তথ্য দিয়েছে পুলিশ। এই ঘটনা নিয়ে সমালোচনা তৈরি হলে শুক্রবার রাতেই প্রতিমন্ত্রী মীর শাহে আলমের পক্ষ থেকে একটি বিবৃতিতে জানানো হয়, এ ধরনের মামলার বিষয়ে তার কোনো অনুমোদন বা নির্দেশনা নেই। ওই বিবৃতিতে বলা হয়, "প্রতিমন্ত্রীর নাম ব্যবহার করে বা তার পক্ষে দাবি করে কেউ যেন ব্যক্তিগত উদ্যোগে কোনো মামলা, বিবৃতি বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ না করেন। এ ধরনের বিষয়ে প্রতিমন্ত্রীর কোনো অনুমোদন বা নির্দেশনা নেই।„

**শিক্ষা প্রতিষ্ঠানের নামকরণ**

সম্প্রতি শিবগঞ্জ উপজেলার একটি স্কুলের ব্যবস্থাপনা কমিটি প্রায় ৫০ বছরের পুরোনো একটি স্কুলের নাম পরিবর্তন করে প্রতিমন্ত্রীর নামে নামকরণে প্রস্তাব করলে- এটিও নতুন বিতর্ক তৈরি করে। তিনি এ বিষয়ে সরাসরি কোনো মন্তব্য না করলেও তার একজন ব্যক্তিগত কর্মকর্তা বগুড়ার স্থানীয় সাংবাদিকদের বলেছেন, প্রতিমন্ত্রী তার নামে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের নামকরণের উদ্যোগ না নিতে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দিয়েছেন। ওই চিঠিতে তিনি তার নামে থাকা দশটি শিক্ষা প্রতিষ্ঠানের নাম প্রকাশ করে বলেন, "এর বাইরে তার বা তার পরিবারের সদস্যদের নামে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের নামকরণের প্রস্তাব যেন গ্রহণ বা অনুমোদন না করা হয়।„ অন্যদিকে প্রতিমন্ত্রী মীর শাহে আলমকে নিয়ে একের পর এক বিতর্ক দলের মধ্যেও আলোচনার জন্ম দিয়েছে। দলের নেতারা কেউ কেউ মনে করেন, এটি দল ও সরকারকে বিব্রত করেছে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, এটি আবারও প্রমাণ করেছে যে, সরকারি দলের এমপিরা চাইলে নিজের এলাকায় "যা খুশি তাই করতে পারেন„। "ব্যক্তিগত আকাঙ্ক্ষা চরিতার্থ করার চেষ্টার কারণে সরকারের কাছ থেকে শাস্তি পাওয়ার উদাহরণ তো খুব একটা দেখা যায় না এদেশে। সে কারণে এগুলো ঘটতেই থাকে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২০.০৬.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালি আবার বন্ধের ঘোষণা ইরানের, যুক্তরাষ্ট্র বলছে 'হয়নি'

লেবাননে ইসরায়েলি হামলার জেরে হরমুজ প্রণালি বন্ধ করার ঘোষণা দিয়েছে ইরান। ইরানের সামরিক বাহিনী জানিয়েছে, লেবাননে চলমান ইসরায়েলি হামলার কারণে তারা হরমুজ প্রণালি বন্ধ করছে। তারা যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘনের অভিযোগ এনেছে। ইরানের রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) নৌবাহিনী জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যুদ্ধবিরতি লঙ্ঘন করায় হরমুজ প্রণালি দিয়ে সব ধরনের জাহাজের চলাচল বন্ধ রাখা হয়েছে। নৌবাহিনী সব জাহাজকে কঠোরভাবে সতর্ক করে বলেছে, "হরমুজ প্রণালির কাছে আসবেন না; অন্যথায় আপনার নিরাপত্তা ঝুঁকির মুখে পড়বে।„ যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে ১৪ দফা সমঝোতা চুক্তির তিনদিনের মাথায় এই ঘটনা ঘটলো। চুক্তি অনুযায়ী দুই দেশই যুদ্ধ বন্ধ করতে এবং হরমুজ প্রণালি আবার খুলে দেওয়া বিষয়ে সম্মত হয়েছিল। বুধবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফ্রান্সে জি-৭ সম্মেলনে অংশ নেওয়ার সময় আনুষ্ঠানিকভাবে চুক্তিটিতে স্বাক্ষর করেন। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানও এই চুক্তিতে সই করেছেন বলে তেহরান নিশ্চিত

করে। তবে হরমুজ প্রণালি এখনো "সম্পূর্ণভাবে উন্মুক্ত রয়েছে„ বলে ফক্স নিউজকে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ওয়াল স্ট্রিট জার্নালের এক প্রতিবেদনে ইরানি নৌবাহিনী জাহাজগুলোকে ফিরিয়ে দিচ্ছে বলে যে তথ্য এসেছে, সে বিষয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, "ইরানিরা এখনো হরমুজ প্রণালি বন্ধ করে রেখেছে- এমন কোনো প্রমাণ আমরা দেখতে পাচ্ছি না।„ তিনি আরও বলেন, "আমরা গতকাল হরমুজ প্রণালি দিয়ে এক কোটি ৬০ লাখ ব্যারেল তেল পরিবহণ করেছি। তাই আপনি দেখতে পাচ্ছেন, জাহাজগুলো চলাচল করছে।„
(বিবিসি ওয়েব পেজ : ২০.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### যুক্তরাষ্ট্রের যে-কোনো চুক্তিভঙ্গের জবাব হবে আরও শক্ত ও কঠোর : ইরানের সতর্কবার্তা

ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা ও পররাষ্ট্রনীতি বিষয়ক কমিশনের চেয়ারম্যান ইব্রাহিম আজিজি বলেছেন, যুক্তরাষ্ট্র যদি সমঝোতা স্মারকের শর্ত ভঙ্গ করে বা এর মূল কাঠামো থেকে সরে আসে, তাহলে ইরানের সশস্ত্র বাহিনী জনগণের সমর্থন নিয়ে আগের চেয়ে আরও কঠোর ও শক্তিশালী জবাব দেবে। ইরানের জাতীয় সম্প্রচার সংস্থার উদ্ধৃতি দিয়ে পার্সটুডে জানিয়েছে, ইব্রাহিম আজিজি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত এক বার্তায় লিখেছেন, ইরানি জনগণের সাহসী প্রতিরোধের ফলে যুক্তরাষ্ট্রের সামনে আলোচনার টেবিলে বসা এবং ইরানের শর্ত মেনে নেওয়া ছাড়া অন্য কোনো পথ খোলা ছিল না। তিনি বলেন, এখন যুক্তরাষ্ট্রের দায়িত্ব হলো ইরানি জনগণের আস্থা অর্জনের জন্য সমঝোতা স্মারকের সব ধারা আন্তরিকভাবে বাস্তবায়ন করা। এর মধ্যে লেবাননের বিরুদ্ধে যুদ্ধ বন্ধ করা এবং দক্ষিণ লেবানন থেকে "ইসরায়েলি দখলদার বাহিনীর„ দ্রুত প্রত্যাহারও অন্তর্ভুক্ত। আজিজি জোর দিয়ে বলেন, সমঝোতা স্মারকের প্রতি যে-কোনো ধরনের অঙ্গীকার ভঙ্গ বা এর মূল কাঠামো থেকে বিচ্যুতি ঘটলে ইরানের সশস্ত্র বাহিনী বীর জনগণের সমর্থনে অতীতের তুলনায় আরও দৃঢ়, কঠোর ও জোরালো প্রতিক্রিয়া জানাবে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২০.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা স্থগিতের পর যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে ইসরায়েল ও হিজবুল্লাহ

মার্কিন সরকারি কর্মকর্তারা শুক্রবার এনএইচকে -কে জানিয়েছেন যে , ইসরায়েল এবং ইরান -সমর্থিত শিয়া মুসলিম গোষ্ঠী হিজবুল্লাহর মধ্যে একটি যুদ্ধবিরতি চুক্তি হয়েছে। তাদের ভাষ্যমতে , ইরানের সমর্থনে যুক্তরাষ্ট্র ও কাতার এই যুদ্ধবিরতিতে মধ্যস্থতা করে। সুইজারল্যান্ডে শুক্রবার যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নির্ধারিত আলোচনা স্থগিত করা হয়েছে। দুই দেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে লেবাননসহ সকল রণাঙ্গনে যুদ্ধ বন্ধের আহ্বান জানানো হয়েছে। তবে শুক্রবার পর্যন্ত লেবাননে লড়াই অব্যাহত ছিল। বৃহস্পতিবার হিজবুল্লাহ এক বিবৃতিতে জানায় যে , তারা দক্ষিণ লেবাননে ইসরায়েলি বাহিনীর বিরুদ্ধে লড়াই করছে। ইসরায়েলি সামরিক বাহিনীও ঘোষণা করে যে , তারা শুক্রবার পর্যন্ত হিজবুল্লাহ -সংশ্লিষ্ট লক্ষ্যবস্তুতে হামলা চালাবে। লেবাননে গোলাগুলির ঘটনা যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার আলোচনাকে ব্যাহত করেছে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বৃহস্পতিবার সাংবাদিকদের বলেন যে , ওয়াশিংটন আশা করে হিজবুল্লাহ ইসরায়েলের ওপর রকেট ও ড্রোন হামলা বন্ধ করবে এবং ইসরায়েলিরা লেবাননে `বেপরোয়া, হয়ে উঠবে না। তিনি এও উল্লেখ করেন যে , বৈরুতের একটি বেসামরিক জনবহুল এলাকায় বড়ো ধরনের বিস্ফোরণটি এমন এক সময়ে ঘটেছে, যখন যুক্তরাষ্ট্র ও ইরান একটি চুক্তিতে যুগান্তকারী অগ্রগতির দ্বারপ্রান্তে ছিল বলে মনে হচ্ছিল। যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতা স্মারকে বলা হয়েছে যে , উভয়পক্ষ ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর জন্য আলোচনা করবে। তবে সেই দ্বিপাক্ষিক আলোচনা এখন স্থগিত করা হয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### মালয়েশিয়া-চীন সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী, সই হতে পারে ১৭ সমঝোতা স্মারকে

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে দুইদিনের রাষ্ট্রীয় সফরে দেশটির রাজধানী কুয়ালালামপুরে যাচ্ছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার দুপুরে তার রওয়ানা হওয়ার কথা রয়েছে। এরপর ২২ জুন রাতে কুয়ালালামপুর থেকে চীনের বন্দরনগর দালিয়ানে যাওয়ার কথা রয়েছে তারেক রহমানের। শনিবার সকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রসচিব আসাদ আলম সিয়াম বলেন, প্রধানমন্ত্রী আগামী ২১-২২ জুন মালয়েশিয়া এবং ২৩-২৬ জুন চীন সফর করবেন। বেইজিং সফরে প্রধানমন্ত্রীর সফরসঙ্গীর সংখ্যা এখন পর্যন্ত ২৮ জন বলেও জানান সচিব। বলেন, প্রতিটি ক্ষেত্রে সফরসঙ্গীর সংখ্যা যৌক্তিক রাখার চেষ্টা করা হচ্ছে। মালয়েশিয়ায় ২২ জুন তারেক রহমান দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে একান্ত বৈঠক করবেন। পরে দুই দেশের সরকার প্রধানের নেতৃত্বে উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হবে। বাণিজ্য, বিনিয়োগ সম্প্রসারণ, জ্বালানি সহযোগিতা, হালাল অর্থনীতি, সেমিকন্ডাক্টর শিল্প ও কৃষি, শিক্ষা ও জনযোগাযোগ সম্পর্কিত নানা বিষয়ে তাদের মধ্যে

আলোচনার কথা রয়েছে। পররাষ্ট্রসচিব আরও বলেন, মালয়েশিয়ার বিভিন্ন খাতে বাংলাদেশি কর্মী নেওয়া, আসিয়ানে বাংলাদেশের যোগ দেওয়া, রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মালয়েশিয়ার সমর্থন আদায় নিয়েও আলোচনা হবে। এই সফরে মালয়েশিয়ার সঙ্গে সাংস্কৃতিক বিনিময় আর মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে দুটি সমঝোতা স্মারকে সই হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও জানান তিনি। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে আসাদ আলম সিয়াম বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরকালে দুই দেশের মধ্যে ১৫ থেকে ১৭টি সমঝোতা স্মারক (এমওইউ) বা চুক্তি সই হতে পারে বলে আশা করা হচ্ছে। এর মধ্যে ১৩টি সমঝোতা স্মারক, দুটি চুক্তি, একটি কর্মপরিকল্পনা এবং একটি প্রটোকল সই হওয়ার কথা রয়েছে। পররাষ্ট্রসচিব আরও জানান, মালয়েশিয়া সফর শেষে আগামী ২২ জুন সন্ধ্যায় চীনের বন্দরনগরী দালিয়ানে পৌঁছাবেন প্রধানমন্ত্রী। পরদিন ২৩ জুন বিশ্ব অর্থনৈতিক ফোরাম (ডব্লিউইএফ)-এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তার (সিইও) সঙ্গে তারেক রহমানের বৈঠক করার কথা রয়েছে। ডব্লিউইএফ-এর বার্ষিক সভা সামার দাভোসে অংশগ্রহণকারী কাজাখস্তান, মঙ্গোলিয়া, দক্ষিণ কোরিয়ার মতো দেশগুলোর সরকারপ্রধানদের সঙ্গে তারেক রহমানের দ্বিপক্ষীয় বৈঠক করার কথা রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র-ইরান শান্তি আলোচনা : সুইজারল্যান্ডের পথে ট্রাম্পের বিশেষ দূত উইটকফ

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে আলোচনায় অংশ নিতে সুইজারল্যান্ডের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যপ্রাচ্য বিষয়ক দূত স্টিভ উইটকফ। শনিবার মার্কিন সংবাদমাধ্যমে এ খবর প্রকাশিত হয়েছে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স শুক্রবার তার সফর বাতিল করার পরই এই আলোচনার বিষয়টি সামনে এসেছে। ইরান যুদ্ধ বন্ধে গৃহীত সমঝোতা স্মারক বাস্তবায়নের আশা করছিল ওয়াশিংটন এবং তেহরান। কিন্তু লেবাননে ইসরায়েলি বাহিনী এবং হিজবুল্লাহ জঙ্গিদের মধ্যে নতুন করে সংঘর্ষ শুরু হলে, এই পরিকল্পনা ক্ষতিগ্রস্ত হয়। হিজবুল্লাহকে ইসরায়েল, জার্মানি, যুক্তরাষ্ট্রসহ অনেক দেশ সন্ত্রাসী সংগঠন হিসেবে বিবেচনা করে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট ভান্সও সুইজারল্যান্ডে আসছেন কিনা, তা এখনও নিশ্চিত হওয়া যায়নি। তবে মার্কিন সংবাদমাধ্যমে বলা হয়েছে, ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার পুনরায় সুইজারল্যান্ডে শুরু হতে যাওয়া আলোচনায় অংশ নেবেন। কুশনার হোয়াইট হাউসের মধ্যপ্রাচ্য বিষয়ক দূত হিসেবে দায়িত্ব পালন করছেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রনি)

## ইসরায়েলি বিমান হামলায় লেবাননে নিহত ৫

লেবাননের দক্ষিণাঞ্চলের বিভিন্ন লক্ষ্যবস্তুতে রাতভর নতুন করে বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। হামলায় শেষ খবর পাওয়া পর্যন্ত পাঁচজনের মৃত্যু হয়েছে। লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা এনএনএ এ তথ্য জানিয়েছে। বার্তা সংস্থাটি আরও জানিয়েছে, ইসরায়েলি বাহিনী আবাসিক ভবনে জেট বিমান, ড্রোন এবং আর্টিলারি হামলা চালিয়েছে। তবে, এ হামলার বিষয়কে তাৎক্ষণিক কোনো মন্তব্য করেনি ইসরায়েলি সামরিক বাহিনী (আইডিএফ)। লেবাননভিত্তিক ইরান-সমর্থিত হিজবুল্লাহ মিলিশিয়ার সঙ্গে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছিল ইসরায়েল। এই ঘটনার কয়েক ঘণ্টার পরই নতুন করে হামলার ঘটনাটি সামনে এলো। হিজবুল্লাহকে ইসরায়েল, জার্মানি, যুক্তরাষ্ট্রসহ অনেক দেশ সন্ত্রাসী সংগঠন হিসেবে বিবেচনা করে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রনি)

## তেহরানের পথে পাকিস্তানি স্বরাষ্ট্রমন্ত্রী

সুইজারল্যান্ডে অনুষ্ঠেয় ইরান-যুক্তরাষ্ট্র শান্তি আলোচনা নিয়ে যখন অনিশ্চয়তা দেখা যাচ্ছে, সেই সময়ে তেহরান সফরে যাচ্ছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি। শনিবার তিনি তেহরানের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন বলে জানিয়েছে ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা। এতে বলা হয়েছে, তেহরানে শীর্ষ ইরানি কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করবেন নাকভি। যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার অগ্রগতি নিয়ে পরবর্তী পদক্ষেপেও নজর রাখবেন। ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধ বন্ধে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে আসছে পাকিস্তান। ফেব্রুয়ারি শেষের দিকে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে এ নিয়ে বেশ কয়েকবার তেহরান সফর করেছেন পাকিস্তানি স্বরাষ্ট্রমন্ত্রী। এই সপ্তাহের শুরুর দিকে সবশেষ তেহরান সফর করেছিলেন তিনি। ওই সফরে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং স্বরাষ্ট্রমন্ত্রী এস্কান্দার মোমেনির সঙ্গে সাক্ষাৎ করেন মহসিন।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রনি)

## যুদ্ধবিরতি ভঙ্গ; একে অপরকে দোষারোপ ইসরায়েল ও হিজবুল্লাহর

শনিবার ভোররাতে লেবাননে হামলা চালানোর কথা স্বীকার করেছে ইসরায়েল। তবে তারা অভিযোগ করেছে, যুদ্ধবিরতি ভেঙেছে হিজবুল্লাহ। আইডিএফ কর্মকর্তার বরাত দিয়ে ফরাসি বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ”রাতভর ৫০টির বেশি ক্ষেপণাস্ত্র দক্ষিণ লেবাননে অবস্থানরত ইসরায়েলি বাহিনীর দিকে নিক্ষেপ করেছে হিজবুল্লাহ।„ এর জবাবে ইসরায়েল ”হিজবুল্লাহর স্থাপনা„ লক্ষ্য করে হামলা চালায় বলে জানান ওই কর্মকর্তা। লেবাননভিত্তিক হিজবুল্লাহ একটি ইরান-সমর্থিত শিয়া মিলিশিয়া সংগঠন, পাশাপাশি এটি দেশটির একটি রাজনৈতিক দলও। তবে, হিজবুল্লাহকে ইসরায়েল, জার্মানি, যুক্তরাষ্ট্রসহ অনেক দেশ সন্ত্রাসী সংগঠন হিসেবে বিবেচনা করে। শনিবার হিজবুল্লাহর আইনপ্রণেতা হাসান

ফাদলাল্লাহ বলেন, ইসরায়েলের হামলার জবাব দেওয়ার অধিকার তাদের রয়েছে। এক বিবৃতিতে ফাদলাল্লাহ বলেন, "আমাদের জন্য গুরুত্বপূর্ণ হলো, শত্রুপক্ষ যেন পুরোপুরি যুদ্ধবিরতি মেনে চলে এবং আমাদের দেশ বা গ্রামগুলোতে হামলা বা নতুন কোনো অবস্থান ও দখলের চেষ্টা না করে।„ তিনি আরও বলেন, "এই শত্রুপক্ষ যখন আমাদের ওপর হামলা চালায়, তখন তাদের মোকাবিলা করার পূর্ণ অধিকার প্রতিরোধ বাহিনীর আছে, কারণ তারাই আগ্রাসী ও দখলদার।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### শুধু খেললে হবে না, পড়াশোনায় এগিয়ে যেতে হবে: প্রধানমন্ত্রী

শিক্ষার্থীদের খেলাধুলার পাশাপাশি পড়াশোনা, গান, বাজনা ও সংস্কৃতি চর্চার মাধ্যমে পারদর্শী হয়ে শক্তিশালী দেশ গড়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। খুদে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু খেললে হবে না, পড়াশোনা ও সৃজনশীল কাজেও এগিয়ে যেতে হবে। শনিবার (২০ জুন) বিকেলে বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে ‘প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের (বালক-বালিকা), চূড়ান্ত খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ছোট্ট বন্ধুরা খেলাধুলার পাশাপাশি লেখাপড়া ও সাংস্কৃতিক কাজেও পারদর্শী হতে হবে। তবে অবশ্যই নানা ধরনের খেলা খেলতে হবে। এ বছর এই গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট মাধ্যমিক পর্যায়ে আয়োজন করার পরিকল্পনা আছে। পরের বছর প্রাইম মিনিস্টার কাপের আয়োজন করা হবে। এ সময় সবুজ মাঠে ফুটবল খেলতে কেমন লাগলো, তা খুদে শিক্ষার্থীদের কাছে জানতে চান তারেক রহমান। কে কে খেলতে চাও- তার এ প্রশ্নের জবাবে অনেক শিক্ষার্থী হাত তুললে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

### সমুদ্র সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে সরকার বদ্ধপরিকর: প্রধানমন্ত্রী

জাতীয় স্বার্থ অক্ষুণ্ণ রেখে সমুদ্র সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বর্তমান সরকার দেশের সামুদ্রিক সম্পদের সুরক্ষা, সমুদ্রসীমার নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সুনীল অর্থনীতির বিকাশে দৃঢ়প্রতিজ্ঞ। হাইড্রোগ্রাফিক কার্যক্রমের আধুনিকায়ন, উন্নত প্রযুক্তির সংযোজন, তথ্যব্যবস্থার ডিজিটাল রূপান্তর এবং আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে এ লক্ষ্য বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। রোববার (২১ জুন) ‘বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৬, উপলক্ষ্যে শনিবার (২০ জুন) দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তারেক রহমান বলেন, একবিংশ শতাব্দীর বৈশ্বিক বাস্তবতায় সমুদ্র কেবল ভৌগোলিক সীমানার অংশ নয় বরং অর্থনৈতিক প্রবৃদ্ধি, বাণিজ্যিক সংযোগ, জ্বালানি নিরাপত্তা, পরিবেশগত ভারসাম্য এবং জাতীয় কৌশলগত সক্ষমতার অন্যতম প্রধান ভিত্তি। এই প্রেক্ষাপটে যথাযোগ্য গুরুত্ব ও পেশাদারিত্বের মধ্যদিয়ে ‘বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস-২০২৬, উদ্‌যাপনের উদ্যোগ অবশ্যই ইতিবাচক।

(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

### বন্ধ কারখানায় বিনিয়োগ আকৃষ্ট করতে রোড শো, প্রধান অতিথি প্রধানমন্ত্রী

অলাভজনক ও বন্ধ কারখানায় বিনিয়োগ আকৃষ্ট করতে রোড শো অনুষ্ঠান হয়েছে। শনিবার (২০ জুন) প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে এই অনুষ্ঠানের আয়োজন করে শিল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ, বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোস্তাকুর রহমান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তারসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ব্যবসায়ীদের মধ্যে প্রাণ-আরএফএল গ্রুপ, এসিআই লিমিটেড, ওয়ালটন, মেঘনা, রানার, টি কে, ব্র্যাক, নাবিল, স্কয়ার, ট্রান্সকম, আকিজ ও লাল তীরসহ বিভিন্ন শিল্পগোষ্ঠীর কর্ণধাররা উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

### গ্যালারি ছেড়ে মাঠে প্রধানমন্ত্রী, ডেকে নেন ছাত্রদল নেতাদেরও

ফাইনালের বাঁশি বেজে খেলাও শেষ। চ্যাম্পিয়নদের হাতে ট্রফিও তুলে দেওয়া হয়ে গেছে। কিন্তু ঢাকার আর্মি স্টেডিয়ামে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনালে মাঠের ফলাফলকে ছাপিয়ে গেছে ব্যতিক্রমী এক দৃশ্য। টুর্নামেন্টের বালিকা বিভাগের ফাইনাল ম্যাচ চলাকালীন ভিআইপি গ্যালারির আনুষ্ঠানিকতা ছেড়ে হঠাৎ মাঠের পাশে নেমে আসেন প্রধানমন্ত্রী তারেক রহমান। খুদে ফুটবলারদের উৎসাহ জোগাতে প্রধানমন্ত্রীর এমন প্রটোকল ভাঙা দেখে দর্শকরাও আশ্চর্য হয়েছেন। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে খেলোয়াড়দের এমন উৎসাহ দেওয়ার দৃশ্য নিয়ে ধারা ভাষ্যকারদেরও কথা বলতে শোনা যায় বারবার। মন্ত্রিপরিষদের একাধিক সদস্যসহ মাঠের পাশে বসে খেলা দেখেই

থামেননি প্রধানমন্ত্রী। গ্যালারির বক্সে থাকা ছাত্রদলের নেতাদেরও মাঠে নেমে আসতে বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর হাতের ইশারা পেয়ে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি -সাধারণ সম্পাদকসহ অনেকেই গ্যালারি ছেড়ে মাঠে বসে খেলা উপভোগ করেন। দেশসেরা খুদে ফুটবলারদের এই ফাইনাল খেলা সরাসরি উপভোগ করতে শনিবার (২০ জুন) বিকেল ৪টার দিকে স্টেডিয়ামে পৌঁছান প্রধানমন্ত্রী তারেক রহমান। মাঠে পৌঁছেই তিনি খুদে শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন। এসময় বেজে ওঠে জাতীয় সংগীত।

(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## নারীর ক্ষমতায়নে বাংলাদেশ-ইউএন উইমেনের ঘনিষ্ঠ সহযোগিতার অঙ্গীকার

নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন, জলবায়ু সহনশীলতা বৃদ্ধি এবং শান্তি ও নিরাপত্তা এজেন্ডার বাস্তবায়নে ইউএন উইমেনের আরও ঘনিষ্ঠ ও ফলপ্রসূ সহযোগিতার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গতকাল শুক্রবার (১৯ জুন) নিউইয়র্কে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং ইউএন উইমেনের নির্বাহী পরিচালক সিমা বাহাউসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম এ আহ্বান জানান। বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী নারীর ক্ষমতায়নে বাংলাদেশের দীর্ঘমেয়াদি অঙ্গীকারের কথা তুলে ধরেন। তিনি সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার দূরদর্শী উদ্যোগে দেশে নারীদের জন্য অবৈতনিক শিক্ষা প্রবর্তনের বিষয়টি স্মরণ করেন। এছাড়া বর্তমান সরকারের অধীনে মেয়েদের জন্য স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত অবৈতনিক শিক্ষা , প্রজনন ও মানসিক স্বাস্থ্যসেবার সম্প্রসারণসহ নারীর ক্ষমতায়নে নেওয়া বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করেন। এসময় নারীর ক্ষমতায়নে ও লিঙ্গ সমতা প্রতিষ্ঠায় বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতির প্রশংসা করেন ইউএন উইমেনের নির্বাহী পরিচালক সিমা বাহাউস। তিনি জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশ নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান। এছাড়া নারীর ক্ষমতায়ন এবং নারী, শান্তি ও নিরাপত্তা এজেন্ডা বাস্তবায়নে বাংলাদেশ সরকারের সঙ্গে সহযোগিতা আরও জোরদারের বিষয়ে আগ্রহ পুনর্ব্যক্ত করেন। একইসঙ্গে শান্তি প্রতিষ্ঠা ও জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশি নারীদের গুরুত্বপূর্ণ অবদানেরও ভূয়সী প্রশংসা করেন। বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী রোহিঙ্গা নারী ও কন্যাশিশুদের জন্য মানবিক সহায়তা কর্মসূচিতে অর্থায়নের ঘাটতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানে আন্তর্জাতিক সহযোগিতা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করে তাদের নিজ দেশ মিয়ানমারে দ্রুত প্রত্যাবর্তনের আহ্বান জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া}

## চট্টগ্রামে মসজিদ থেকে টাকা চুরি, সিসিটিভির ফুটেজ দেখে আটক ২

চট্টগ্রামে সদরঘাট থানার পোস্ট অফিস সংলগ্ন একটি জামে মসজিদের অফিস কক্ষ থেকে ২ লাখ ২০ হাজার টাকা চুরির ঘটনায় দুইজনকে আটক করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ১ লাখ ৮৬ হাজার ৫০০ টাকা উদ্ধার করা হয়েছে। শুক্রবার (১৯ জুন) জুমার নামাজের আগে মসজিদের ইমাম তামজিদ রহমান অফিস কক্ষে ২ লাখ ২০ হাজার টাকা রেখে যান। পরে আসরের নামাজের পর কক্ষে গিয়ে তিনি টাকা না পেয়ে খোঁজাখুঁজি করেন। একপর্যায়ে সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে দেখা যায়, এক ব্যক্তি কক্ষ থেকে টাকা নিয়ে চলে যাচ্ছেন। রাত সাড়ে ৯টার দিকে ইমাম সদরঘাট থানায় অভিযোগ দিলে পুলিশ তদন্ত শুরু করে। সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে সন্দেহভাজন হি সেবে আরিফ (৩৬) নামের এক ব্যক্তিকে শনাক্ত করা হয়। পরে সদরঘাট থানার এএসআই ইসমাইল ও মোশফিকের নেতৃত্বে একটি দল হালিশহর থানার ঈদগাহ বরফকল এলাকার সোনা শাহ মাজারসংলগ্ন শফি সওদাগরের বাড়িতে অভিযান চালিয়ে আরিফকে আটক করে। পরবর্তীতে পুলিশের আরেকটি দল সেখানে গিয়ে আরিফে র কাছ থেকে ১ লাখ ২৬ হাজার ৫০০ টাকা এবং মো. সুমন (৩৬) নামের আরেকজনের কাছ থেকে ৬০ হাজার টাকা উদ্ধার করে। উদ্ধার করা মোট টাকার পরিমাণ ১ লাখ ৮৬ হাজার ৫০০ টাকা। সদরঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ শরীফ জাগো নিউজকে বলেন, আমাদের অভিযোগ করার সঙ্গে সঙ্গে সিসিটিভি চেক করে অভিযানে যাই। অভিযান চালিয়ে দুইজনকে আটক করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## কুষ্টিয়ায় সাবেক মেয়র আনোয়ারের বাড়িতে অভিযান, বাইরে বিক্ষোভ

কুষ্টিয়া পৌরসভার সাবেক মেয়র ও প্রবীণ আও য়ামী লীগ নেতা আনোয়ার আলীর বাড়িতে যৌথ অভিযান চালিয়েছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। শুক্রবার (১৯ জুন) রাত সাড়ে ১০টার দিকে শুরু হওয়া এ অভিযানে কুষ্টিয়া মডেল থানার পুলিশ, জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও র্যাবের সদস্যরা অংশ নেন। অভিযানের সময় ঊর্ধ্বতন কর্মকর্তারা ও উপস্থিত ছিলেন। প্রায় দুই ঘণ্টার বেশি সময় ধরে বাড়িতে তল্লাশি চালিয়েও কাউকে আটক করতে পারেনি আইন - শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। পরে তারা খালি হাতেই ফিরে যায়। এসময় অভিযানের প্রতিবাদ জানিয়ে আনোয়ার আলীর সমর্থকরা বাড়ির সামনে জড়ো হয়ে বিক্ষোভ করতে থাকেন। আনোয়ার আলী জেলা আওয়ামী লীগের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক এবং কুষ্টিয়া পৌরসভার একাধিকবার নির্বাচিত সাবেক মেয়র।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে ২০ জনকে `পুশ-ইনের, চেষ্টা, থামিয়ে দিল বিজিবি

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার চৌকা সী মান্তে ২০ জনকে বাংলাদেশে `পুশ-ইনের, চেষ্টা প্রতিহত করেছে বিজিবি। শুক্রবার (১৯ জুন) রাতে ওই ২০ জনকে `পুশ-ইনের, চেষ্টা করে বিএসএফ। বর্তমানে বিজিবির বাধার মুখে তারা সীমান্তের নো ম্যান্স ল্যান্ডে ভারতীয় অংশে অবস্থান করছেন। শনিবার সকালে বিজিবির ৫৯ ব্যাটায়িলনের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী এ তথ্য জানিয়েছেন। শুক্রবার গভীর রাতে চৌকা সীমান্ত দিয়ে ওই ২০ জনকে `পুশ-ইনের, চেষ্টা করে বিএসএফ। এদের মধ্যে ১১ জন নারী, চারজন শিশু ও পাঁচজন পুরুষ রয়েছেন। বিজিবি বিষয়টি টের পেয়ে তাদের বাংলাদেশে আসতে বা ধা দেয়। বিজিবির বাধার মুখে তারা সীমান্তের নো ম্যান্স ল্যান্ডের ভারতীয় অংশে অবস্থান নিয়েছেন। বিজিবি অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী বলেন , বিজিবি টহল দলের তৎপরতায় ২০ জনকে `পুশ-ইনের, চেষ্টা প্রতিহত করা সম্ভব হয়েছে। তারা বর্তমানে শূন্যরেখায় অবস্থায় করছে। আমরা সীমান্তে যাচ্ছি, বিস্তারিত পরে জানানো হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## বেনজীর আহমেদকে শিগ্গির ফেরত দেবে আমিরাত, আশা স্বরাষ্ট্রমন্ত্রীর

দুবাই সরকার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে খুব শিগ্গির বেনজীর আহমেদকে ফেরত দেওয়ার ব্য বস্থা করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শনিবার (২০ জুন) দুপুরে বাংলাদেশ সচিবালয়ের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত আইন -শৃঙ্খলা রক্ষায় কৃতিত্বপূর্ণ ও প্রশংসনীয় কাজের স্বীকৃতিস্বরূপ পুলিশ সদস্যদের পুরস্কার প্রদান অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্র শ্নের জবাবে তিনি এ কথা বলেন। দুবাই থেকে বেনজীর আহমেদকে ফিরিয়ে আনা সহজ হবে কি না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , এখানে মনে করার বিষয় নয় , দেখার বিষয়। আগের যে -কোনো সরকারের তুলনায় বর্তমান প্রধানমন্ত্রীর নির্দেশনায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় দ্রুতগতিতে কাজ কর ছে। ১২ জুন ফেডারেল পুলিশের পক্ষ থেকে ইন্টারপোলের মাধ্যমে আমাদের এনসিবিকে ই -মেইলে জানানো হয়েছে বেনজীর আহমেদকে তারা গ্রেফতার করেছে। আমাদের জারি করা রেড নোটিশের মাধ্যমে তারা বেনজীর আহমদকে গ্রেফতার করে। আমি সেদিন বিকেলেই জাতীয় সংসদে জাতিকে অবহিত করেছি। সেখানে বলেছি ই -মেইলে তারা অনুরোধ করেছে , ৩০ দিনের মধ্যে যেন আমাদের সমস্ত কাগজপত্র পাঠিয়ে দেই , বেনজীরকে দেশে ফিরিয়ে আনার জন্য। আমরা ৩০ দিন নয়, তার পরের দিনই কাগজপত্র পাঠিয়েছি। ওয়ারেন্ট , মামলার বিবরণীসহ অনেক কাগজ দেওয়া হয়েছে। সেটা আবার আরবিতে ট্রান্সলেট করতে হয়। সা লাহউদ্দিন আহমদ আরও বলেন, পুলিশ অফিসাররা সেদিন রাত ৯টা পর্যন্ত ১৪৪ পাতার কাগজপত্র তৈরির কাজ করেছে। রাত ১০টার সময় সংসদে বসে সেটি আমি সই করি। সেদিনই কাগজপত্র পররাষ্ট্র মন্ত্রণালয় দুবাইয়ে পাঠিয়েছে। সেদিন পররাষ্ট্রমন্ত্রীকে আনঅফিসিয়াল কপি দিয়েছি। পরদিন সকালে স্ব রাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব অফিসিয়ালি পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিবের কাছে হস্তান্তর করে। ওইদিন বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয় আরবিতে ট্রান্সলেট করে ডিপ্লোমেটিক ব্যাগে করে ইউএই সরকারের কাছে পাঠিয়েছে এবং লোকাল ইউএই এম্বাসিকে জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## জঙ্গল সলিমপুরে র্যাব সদস্য হত্যা মামলার আসামি গ্রেফতার

চট্টগ্রামের সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরে র্যাব সদস্য হত্যা মামলার এক আসামিকে গ্রেফতার করেছে র্যাব। শনিবার (২০ জুন) র্যাব-৭ এর পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে গ্রেফতারের বিষয়টি জা নানো হয়। এর আগে , বৃহস্পতিবার বিকেলে সীতাকুণ্ড উপজেলার সলিমপুর ইউনিয়নের ছিন্নমূল ১ নম্বর সমাজ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তির নাম আলী আকবর (২৬)। তিনি সীতাকুণ্ড উপজেলার সলিমপুর ইউনিয়নের ছিন্নমূল ৪ নম্বর সমাজ এলাকার বাসিন্দা। র্যাব-৭ চট্টগ্রামের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় , জঙ্গল সলিমপুরে সংঘটিত বহুল আলোচিত র্যাব সদস্য হত্যা মামলার তদন্তে প্রাপ্ত আসামি আলী আকবর ওই এলাকায় অবস্থান করছেন এমন তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়। পরে বৃহস্পতিবার বিকেল পৌনে ৫টার দিকে তাকে গ্রেফতার করা হয়। র্যাবের ভাষ্য, সীতাকুণ্ড থানায় দায়ের করা মামলায় আলী আকবর তদন্তে প্রাপ্ত আসামি। মামলাটি চলতি বছরের ২২ জানুয়ারি দায়ের করা হয়। র্যাব-৭-এর সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন বলেন , গ্রেফতারের পর প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে সীতাকুণ্ড থানা-পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## টাঙ্গাইলে পরিত্যক্ত কূপে নেমে একই পরিবারের চারজন নিহত

টাঙ্গাইলের মধুপুরে পরিত্যক্ত কূপে পড়ে যাওয়া ছাগল তুলতে গিয়ে একই পরিবারের চারজন নিহত হয়েছেন। শনিবার (২০ জুন) সকালে উপজেলার টেলকি গ্রামে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- ওই গ্রামের বাবুল হাদিমা, তার শিশু ছেলে নেইমার ম্রং, একই গ্রামের রতন নকরেক ও গাবরিয়েল নকরেক। মধুপুর ফায়ার সার্ভিসের সাব -স্টেশন অফিসার লাভলু তরফদার জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন , সকালে টেলকি গ্রামে পরিত্যক্ত কূপের মধ্যে

একটি ছাগলের বাচ্চা পড়ে যায়। পরে সেই ছাগলের বাচ্চা তুলতে গিয়ে প্রথমে এক শিশু কূপে নেমে অক্সিজেনের অভাবে মারা যায়। পরে ওই শিশুকে উদ্ধারে নেমে একে একে পরিবারের আরও ৩ তিনজন মারা যান। কূপটি আনুমানিক ৯-১০ ফুট গভীর। তিনি আরও বলেন, খবর পেয়ে নিহতদের মর দেহ উদ্ধার করা হয়। পরবর্তীতে মরদেহগুলো পুলিশে হস্তান্তর করা হয়। নিহতের মধ্যে বাবা-ছেলে রয়েছেন। বাকি দুইজন তাদের আত্মীয় বলে জানতে পেরেছি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে অসুস্থ কয়েদির মৃত্যু ঢামেকে

ঢাকার কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে পড়া তরিকুল ইসলাম (৬৮) নামের এক কয়েদিকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নেওয়ার পর মারা গেছেন। শনিবার (২০ জুন) সকাল সাড়ে ১০টার দিকে কারাগারের ভেতরে অসুস্থ হয়ে পড়েন তরিকুল। পরে উদ্ধার করে ঢাকা মেডিকেলে নেও য়া হলে দুপুর ১২টার দিকে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। কারারক্ষী আতিয়ার রহমান জানান, মো. তরিকুল কেন্দ্রীয় কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে কারা কর্তৃপক্ষের নির্দেশে ঢাকা মেডিকেলে নেওয়া হয়। পরে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তিনি আরও জানান, মো. তরিকুল ইসলা ম কেন্দ্রীয় কারাগারে কয়েদি হিসেবে ছিলেন। তিনি রাজশাহীর গোদাগাড়ী উপজেলার ধুয়াপাড়াম মৌবন লাইনপাড়া এলাকার প্রয়াত ইসমাইলের ছেলে। তবে কোন মামলায় তরিকুল কারাগারে ছিলেন, সে বিষয়ে জানাতে পারেননি কারারক্ষী আতিউর। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে। বিষয়টি কারা কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে। তিনি আরও জানান, একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মরদেহের সুরতহা ল প্রতিবেদন শেষে ময়নাতদন্ত সম্পন্ন হবে। ময়নাতদন্তের পর মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## আওয়ামী লীগ পলিটিক্যাল নয়, মাফিয়া পার্টি : স্বরাষ্ট্রমন্ত্রী

কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দল আওয়ামী লীগ রাজনৈতিক নয়, `মাফিয়া পার্টি´, বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শনিবার (২০ জুন) দুপুরে বাংলাদেশ সচিবালয়ের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। চলতি মাসের ২৩ তারিখ কার্যক্রম নিষিদ্ধ একটি রাজনৈতিক দলের প্রতিষ্ঠাবা র্ষিকী। পুলিশকে মাঠ পর্যায়ে অ্যালার্ট করা হয়েছে। নির্দিষ্ট কোনো হুমকি আছে কি না জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অ্যালার্ট সবসময় ওভাবে করা হয় না। যেহেতু আমরা সন্দেহ করছি, ২৩ জুনকে কেন্দ্র করে কার্যক্রম নিষিদ্ধ একটি রাজনৈতিক দল বাংলাদেশে উচ্ছৃঙ্খলতা -অস্থিরতা তৈরি করতে চাইবে। সেজন্য সারাদেশে অ্যালার্ট করা হয়েছে। কোনো বিশৃঙ্খলা তৈরি হলে পুলিশ বাহিনী তার দায়িত্ব পালন করবে। তিনি বলেন, তারা (আওয়ামী লীগ) কোনো পলিটিক্যাল পার্টি নয়, মাফিয়া পার্টি। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে সারাদেশে পুলিশকে `প্রয়োজনীয় সতর্কতার, পাশাপাশি নিরাপত্তামূলক ব্যবস্থা নিতে নির্দেশনা দিয়েছে সদর দপ্তর। আগামী ২৩ জুন দলটির প্রতিষ্ঠাবার্ষিকীকে সামনে রেখে বৃহস্পতিবার পুলিশ সদর দপ্তর থেকে এ বিষয়ে একটি `জরুরি বার্তা, পাঠানো হয়। দেশের সব মেট্রোপলিটন পুলিশ কমিশনা র ও রেঞ্জ ডিআইজি বরাবর পাঠানো ওই বার্তায় প্রতিষ্ঠাবার্ষিকীকে দলটির `সম্ভাব্য কর্মকাণ্ড মূল্যায়ন, করার কথা বলা হয়েছে। বার্তায় বলা হয়, সেদিন দলটির তরফে দেশের বিভিন্ন জেলায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন এবং প্রতিষ্ঠাবার্ষিকীর ব্যানার নিয়ে প্রকাশ্যে মিছিল করতে পারে। এর ফলে দেশের অন্যান্য রাজনৈতিক দল, বিশেষ করে এনসিপির নেতাকর্মী ও বৈষম্যবিরোধী ছাত্রদের সঙ্গে সংঘর্ষের আশঙ্কা রয়েছে। পাশাপাশি তাদের কর্মকাণ্ডে বাধা দিলে আইন -শৃঙ্খলা বাহিনীর ওপর ক্ষুব্ধ হতে পারে বলেও আশঙ্কা করা হয়েছে। এ অবস্থায় এসব বিষয় গুরুত্বে নিয়ে প্র য়োজনীয় সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে ওই বার্তায়। এ বিষয়ে পুলিশ কর্মকর্তাদের ভাষ্য, একাধিক গোয়েন্দা সংস্থার প্রতিবেদন থেকে আগাম সতর্কতার অংশ হিসেবে সারাদেশে ওই বার্তা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## হাইকোর্টে চার দিনে ২০,৭৪০ পুরোনো মামলা নিষ্পত্তি

হাইকোর্টে চার দিনে ২০৭৪০ পুরোনো মামলা নিষ্পত্তি করা হয়েছে। প্রতি সপ্তাহে একদিন করে চার কার্যদিবসে মোট ১৫ হাজার ১৭২টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা এবং ৫ হাজার ৫৬৮টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি করা হয়। সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা শফিকুল ইসলাম শনিবার (২০ জুন) জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, একদিনে বৃহস্পতিবার (১৮ জুন) হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চসমূহে মোট ১৮৮৪টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি করা হয়েছে। একইসঙ্গে রিট মোশন বেঞ্চসমূহে ৫৪১টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি করা হয়েছে। এ দিন হাইকোর্ট বিভাগে একদিনে পুরোনো ক্রিমিনাল মিস মামলা ও পুরোনো রিট মামলা মিলিয়ে মোট ২৪২৫টি পুরোনো মামলা নিষ্পত্তি হয়েছে। শফিকুল ইসলাম আরও জানান, পুরোনো মামলা নিষ্পত্তি কার্যক্রম শুরু হওয়ার পর এ পর্যন্ত চার কার্যদিবসে (প্রতি সপ্তাহে একদিন করে) মোট ১৫,১৭২টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা এবং

৫,৫৬৮টি পুরোনো রিট মামলা নিষ্পত্তি হয়েছে। প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে, হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রিট মোশন বেঞ্চসমূহে দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## ফটিকছড়িতে বীর মুক্তিযোদ্ধার ঝুলন্ত মরদেহ উদ্ধার

চট্টগ্রামের ফটিকছড়িতে জহুরুল আনোয়ার (৭৫) নামের এক বীর মুক্তিযোদ্ধার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (২০ জুন) সকালে উপজেলার উত্তর রাঙামাটিয়া এলাকায় নিজ বাসভবনের সিঁড়িঘরের রেলিংয়ের সঙ্গে ঝুলন্ত অবস্থায় ওই বীর মুক্তিযোদ্ধার মরদেহ পাওয়া যায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার রাতে পরিবারের সদস্যদের সঙ্গে রাতের খাবার খেয়ে নিজ কক্ষে যান জহুরুল আনোয়ার। শনিবার সকালে পরিবারের সদস্যরা বাড়ির সিঁড়িঘরের রেলিংয়ের সঙ্গে রশি দিয়ে ঝুলন্ত অবস্থায় তাকে দেখতে পান। পরে তাদের চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসেন। খবর পেয়ে ফটিকছড়ি থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। ফটিকছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ঘটনাটি প্রাথমিকভাবে আত্মহত্যা বলে মনে হচ্ছে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার আগে মৃত্যুর কারণ সম্পর্কে নিশ্চিতভাবে কিছু বলা যাচ্ছে না। তিনি বলেন, মরদেহটি ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## যাত্রাবাড়ীতে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ১৭

রাজধানীর যাত্রাবাড়ীর বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৭ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২০ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, শুক্রবার (১৯ জুন) যাত্রাবাড়ী থানা পুলিশ বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১৭ জনকে গ্রেফতার করে। তাদের মধ্যে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামি ও বিভিন্ন অপরাধে জড়িত অপরাধী রয়েছেন। তাদের আদালতে পাঠানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## বায়োগ্যাস প্রযুক্তি সম্প্রসারণে একসঙ্গে কাজ করবে প্রাণ ডেইরি ও এটিইসি

গ্রামীণ জীবিকা উন্নয়ন ও টেকসই কৃষি ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে পরিবেশবান্ধব বায়োগ্যাস প্রযুক্তি সম্প্রসারণের জন্য একসঙ্গে কাজ করবে দেশের শীর্ষস্থানীয় দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠান প্রাণ ডেইরি লিমিটেড এবং অস্ট্রেলিয়ার প্রতিষ্ঠান এটিইসি। সম্প্রতি রাজধানীর বাড্ডায় প্রাণ গ্রুপের প্রধান কার্যালয়ে দু,পক্ষের মধ্যে এ বিষয়ক একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ উদ্যোগের মাধ্যমে 'সবুজশক্তি বায়োডাইজেস্টার, কর্মসূচির আওতায় বাংলাদেশের ২৭টি জেলায় দুগ্ধ খামারিদের জন্য পরিবেশবান্ধব বায়োগ্যাস প্রযুক্তি স্বল্পমূল্যে সরবরাহ করা হবে। এই অংশীদারিত্বের আওতায় এটিইসি আধুনিক বায়োগ্যাস প্ল্যান্ট সরবরাহ করবে, যার মাধ্যমে গরুর গোবর থেকে গৃহস্থালির রান্নার জন্য পরিচ্ছন্ন বায়োগ্যাস উৎপাদন করা সম্ভব হবে এবং একই সঙ্গে কৃষিকাজে ব্যবহারের জন্য জৈব সার তৈরি হবে। প্রাণ ডেইরি দেশের ২৭টি জেলায় বিস্তৃত তাদের দুগ্ধ খামারিদের নেটওয়ার্কের মাধ্যমে এই প্রযুক্তি বাস্তবায়নে সহযোগিতা করবে। এই উদ্যোগের মাধ্যমে খামারিরা রান্নার জন্য নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার নিশ্চিত করতে পারবেন, জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমাতে সক্ষম হবেন এবং জৈব সার ব্যবহারের মাধ্যমে মাটির উর্বরতা ও কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি করতে পারবেন। একইসঙ্গে এটি গ্রামীণ পরিবেশকে আরও পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর রাখতে সহায়তা করবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## শুল্কমুক্ত কাঁচামাল আমদানিতে ৩০ শতাংশ মূল্য সংযোজন বহাল চায় বিটিএমএ

বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) ব্যাংক গ্যারান্টির বিপরীতে কাঁচামাল আমদানিতে বিদ্যমান ৩০ শতাংশ মূল্য সংযোজনের শর্ত বহাল রাখার দাবি জানিয়েছে, যা ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে তুলে দেওয়া হয়েছে। এছাড়াও, পলিয়েস্টার স্ট্যাপল ফাইবারের ওপর প্রস্তাবিত ৫ শতাংশ আমদানি শুল্ক প্রত্যাহার এবং প্রাইমারি টেক্সটাইল খাতের করপোরেট করহার কমিয়ে ১২ শতাংশ নির্ধারণের আহ্বান জানিয়েছে। শনিবার (২০ জুন) রাজধানীর গুলশানের একটি ক্লাব আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিটিএমএ -এর সভাপতি শওকত আজিজ রাসেল এ দাবি জানান। বিটিএমএ সভাপতি বলেন, "দেশীয় টেক্সটাইল শিল্পকে রক্ষা করা মানে কেবল একটি শিল্পখাতকে রক্ষা করা নয়; এটি দেশের রপ্তানি আয়ের ভিত্তি, বৈদেশিক মুদ্রা সাশ্রয়, ব্যাংকিং খাতের বিনিয়োগ, কর্মসংস্থান, উদ্যোক্তা সুরক্ষা এবং ভবিষ্যৎ শিল্পায়নকে রক্ষা করা। „ বিটিএমএ-এর মতে, ব্যাংক গ্যারান্টির বিপরীতে কাঁচামাল আমদানির ক্ষেত্রে বিদ্যমান ৩০ শতাংশ মূল্য সংযোজনের শর্ত প্রত্যাহার করা হলে বন্ড সুবিধার অপব্যবহার, অনিয়ম এবং বাজারে অসম প্রতিযোগিতার ঝুঁকি বাড়বে। একই সঙ্গে এলডিসি -উত্তরণ-পরবর্তী সময়ে স্থানীয় শিল্পের সক্ষমতা ও রপ্তানি

প্রতিযোগিতা ধরে রাখাও কঠিন হয়ে পড়বে। এ কারণে বিদ্যমান ৩০ শতাংশ মূল্য সংযোজনের শর্ত বহাল রাখার দাবি জানিয়েছে সংগঠনটি।(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## ঢাকার দুই থানা এলাকায় বিশেষ অভিযানে গ্রেফতার৪২

অপরাধ নিয়ন্ত্রণে রাজধানীর মিরপুর ও মুগদা থানাধীন এলাকায় বিশেষ অভিযানে বিভিন্ন অপরাধে জড়িত ৪২ জনকে গ্রেফতার করেছে থানা পুলিশ। শনিবার (২০ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। মিরপুর মডেল থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল শুক্রবার (১৯ জুন) বিশেষ অভিযান পরিচালনা করে অত্র থানা এলাকার বিভিন্ন অপরাধে জড়িত ৩০ জনকে গ্রেফতার করা হয়। নিয়াজ মেহেদী বলেন, গ্রেফতারদের মধ্যে রয়েছে নিয়মিত মামলার আসামি, পরোয়ানাভুক্ত আসামি ও বিভিন্ন অপরাধে জড়িত অপরাধী। গ্রেফতারদের আদা লতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## ১৫ পুলিশ সদস্যকে পুরস্কৃত করলেন স্বরাষ্ট্রমন্ত্রী

কর্তব্যনিষ্ঠা, সাহসিকতা ও জনহিতকর কাজের স্বীকৃতিস্বরূপ চারটি বিশেষ ঘটনায় বাংলাদেশ পুলিশের ১৫ সদস্যকে পুরস্কার, সনদ ও আর্থিক সম্মানী প্রদান করা হয়েছে। শনিবার (২০ জুন) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এসব পুরস্কার প্রদান করেন। পরে ব্রিফিংয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জনগণের নিরাপত্তা নিশ্চিতকরণ, অপরাধ দমন এবং মানবিক দায়িত্ব পালনে পুলিশের সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। তাদের ভালো কাজকে উৎসাহিত করতেই এ ধরনের স্বীকৃতি দেওয়া হচ্ছে। পুরস্কারপ্রাপ্ত চারটি ঘটনার মধ্যে রয়েছে- জনভোগান্তি লাঘবে ট্রাফিক পুলিশের উদ্যোগ, আদাবরে অস্ত্রধারী ছিনতাইকারী গ্রেফতারে সাহসিকতা, আনোয়ারার চাঞ্চল্যকর মা -মেয়ে হত্যা মামলার রহস্য উদ্ঘাটন এবং চকরিয়ার আলোচিত ডাকাতি ও সংঘবদ্ধ ধর্ষণ মামলার আসামিদের গ্রেফতার।(জাগো নিউজ ওয়েব পেজ: ২০.০৬.২০২৬ রুবাইয়া)

## পরীক্ষা নাকি জিপিএ-এর ভিত্তিতে একাদশে ভর্তি, ধোঁয়াশায় শিক্ষার্থীরা

এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২০ জুলাই প্রকাশ করা হবে। এ পরীক্ষার ফলের অপেক্ষায় সাড়ে ১৮ লাখ পরীক্ষার্থী। ভালো ফলের প্রত্যাশায় থাকা এসব শিক্ষার্থীরা একইসঙ্গে একাদশ শ্রেণিতে ভর্তি ও ভালো কলেজ পাওয়া নিয়ে উদ্‌বিগ্ন। শিক্ষার্থীদের এমন উদ্‌বেগের মধ্যেই একাদশে ভর্তিতে পরীক্ষা হবে কি না, তা নিয়ে চলছে আলোচনা। ভর্তি পদ্ধতিতে পরিবর্তন আসবে, নাকি একই থাকবে, তা ধোঁয়াশায় শিক্ষার্থীরা। বিশেষ করে, স্কুলে প্রথম থেকে নবম শ্রেণিতে ভর্তিতে লটারি পদ্ধতি বাতিল করে পরীক্ষা চালু করায় একাদশে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যেও বিভ্রান্তি দেখা দিয়েছে। তারা বিষয়টি নিয়ে মন্ত্রণালয়ে র স্পষ্ট বার্তা চাইছেন। বিষয়টি নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে কথা বলে স্পষ্ট ধারণা পাওয়া যায়নি। তারা জানিয়েছেন, একাদশে ভর্তি পদ্ধতিতে পরিবর্তন আনার বিষয়ে এখনো কোনো আলোচনা হয়নি। ফল প্রকাশের পরপরই এ বিষয়ে নীতিমালা প্রকাশ করার পরিকল্পনা আছে। তখন বিষয়টি জানা যাবে। অন্যদিকে শিক্ষা বোর্ডগুলোর কর্মকর্তারা বলছেন, একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বড়ো কোনো পরিবর্তনের আশঙ্কা নেই। এখনো পর্যন্ত নীতিগত সিদ্ধান্ত হলো - আগের নিয়ম বজায় রাখা। আলাদা কোনো ভর্তি পরীক্ষা নেওয়া হবে না। জিপিএ-এর ভিত্তিতে কলেজে শিক্ষার্থীদের ভর্তি করা হবে। কেন্দ্রীয়ভাবে অনলাইনের মাধ্যমেই মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী কলেজ বণ্টন করা হবে। এদিকে, এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে চলতি সপ্তাহেই শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের একটি বিশেষ সভা অনুষ্ঠিত হবে। সভায় সবদিক বিবেচনা করে চূড়ান্ত রূ পরেখা তৈরি করা হবে এবং তা আনুষ্ঠানিকভাবে শিক্ষা মন্ত্র ণালয়কে জানানো হবে। অন্যদিকে নটর ডেম, হলি ক্রস এবং সেন্ট জোসেফ কলেজের মতো মিশনারি পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে প্রতিবছরই নিজস্ব ব্যবস্থাপনায় লিখিত বা মৌখিক ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করে থাকে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## জামায়াত একটি রেজিমেন্টেড পলিটিক্যাল পার্টি, তারা গণতন্ত্রে বিশ্বাসী না

জামায়াত একটি রেজিমেন্টেড পলিটিক্যাল পার্টি, তারা গণতন্ত্রে বিশ্বাসী নয় বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন এবং খালেদা জিয়া সংসদীয় গণতন্ত্র চালু করেছিলেন। তাই গণতন্ত্র নিয়ে বিএনপিকে প্রশ্ন করার সুযোগ নেই। শনিবার (২০ জুন) দুপুর ১২টার দিকে মুন্সিগঞ্জ শহরের উত্তর ইসলামপুর এলাকায় ঝুঁকিপূর্ণ কাঠেরপুল পরিদর্শনকালে এসব কথা বলেন তিনি। এ সময় স্থানীয়দের দ্রুত সময়ের মধ্যে পাকা প্রশস্ত সেতু নির্মাণ করে দেওয়ার আশ্বাস দেন মন্ত্রী। মির্জা ফখরুল বলেন, বিএনপি একমাত্র দল, যারা গত পঞ্চাশ বছর ধরে গণতন্ত্রের জন্য লড়াই -সংগ্রাম করে আসছে। জনগণের সমর্থনে বিএনপি দুই তৃতীয়াংশ ভোটে নির্বাচিত হয়েছে। সুতরাং বিএনপির ব্যাপারে গণতন্ত্র নিয়ে প্রশ্ন করতে গেলে সেটি সমীচীন হবে না। বিএনপি মহাসচিব বলেন, এ সরকার মাত্র তিন মাস সময় পেয়েছে। এ তিন মাসের মধ্যে বহু কাজ শুরু করেছে সরকার। আপনারা দে খেছেন,

সরকার ফ্যামিলি কার্ড -কৃষক কার্ড করেছে। এছাড়া ধর্মীয় প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্টদের ভাতা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সেই সঙ্গে দেশব্যাপী খাল কাটা কর্মসূচিও শুরু করেছে। এর আগে , দুপুরে মুন্সিগঞ্জের জুলাই গণ -অভ্যুত্থানে নিহত শহিদ সজল মোল্লা, রিয়াজুল ফরাজী, নূর মোহাম্মদ ডিপজলের কবর জিয়ারত করেন মির্জা ফখরুল। এ সময় শহিদ পরিবারের সদস্যদের হাতে আর্থিক অনুদানের চেক তুলে দেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## `এক পা-ও সরবো না এখান থেকে, বিএসএফকে বিজিবির কড়া হুঁশিয়ারি

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্ত দিয়ে ২০ জনকে বাংলাদেশে `পুশ-ইনের, চেষ্টা করে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে বিজিবির বাধার মুখে সেই চেষ্টা ব্যর্থ হয়। এ ঘটনাকে কেন্দ্র করে ওই সীমান্তে কিছু সময়ের জন্য মুখোমুখি অবস্থান নেন বিজিবি ও বিএসএফ সদস্যরা। শনিবার (২০ জুন) সকাল ১০টার দিকে উপজেলা চৌকা সীমান্তে এ ঘটনা ঘটে। এদিকে , দুই সীমান্তরক্ষী বাহিনীর এমন মুখোমুখি অবস্থানের একটি ভিডিও ক্লিপ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ওই ভিডিওতে বিজিবি সদস্যদের বলতে শোনা যায় , `এক পা-ও সরবো না এখান থেকে। আপনারা আগে সরে যান , তারপর আমরা সরে যাব। , বিজিবির এমন কঠোর অবস্থানের মুখে শেষ পর্যন্ত বিএসএফ পিছু হটে এবং `পুশ-ইনের, চেষ্টা বন্ধ করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৭ শিশুর মৃত্যু হয়েছে। শনিবার (২০ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয় , গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৭ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৫৮৪ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৩টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৬৭৭টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৮০টি শিশু হামে আক্রান্ত হয়েছে , আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৮০৭। এই সময়ে ৭৪৬টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে , আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৫৭৪টি শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯১ হাজার ৭৮৯, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১০ হাজার ৯৪৯। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৭৫ হাজার ৯০২ রোগী, যাদের মধ্যে ৭১ হাজার ৯৭০ জন ছাড়পত্র পেয়ে এরই মধ্যে বাড়ি ফিরেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## খুলশীতে মাছ ব্যবসায়ীদের ওপর হামলা, মামলার প্রধান আসামি গ্রেফতার

চট্টগ্রাম নগরের খুলশী এলাকায় মাছ ব্যবসায়ীদের ওপর হামলা , চাঁদাবাজি ও লুটপাটের ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি মো. রাজুকে (৩০) গ্রেফতার করেছে পুলিশ। রাজু নোয়াখালীর হাতিয়া উপজেলার বাসিন্দা। বর্তমানে তিনি খুলশী থানার ২ নম্বর গেট এলাকার একটি কলোনিতে বসবাস করতেন। শনিবার (২০ জুন) খুলশী থানার ২ নম্বর গেট এলাকায় অভিযান চালিয়ে তা কে গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, খুলশী থানার ২ নম্বর গেট রেললাইনসংলগ্ন এলাকায় দীর্ঘদিন ধরে মাছের ব্যবসা করে আসছিলেন মো . রাসেল ও তার সহযোগীরা। অভিযোগ রয়েছে, গত এক মাস ধরে রাজুসহ কয়েকজন ব্যবসায়ীদের কাছে এককালীন এক লাখ টাকা এবং দৈনিক পাঁচ হাজার টাকা চাঁদা দাবি করে আসছিলেন। মামলার এজাহার অনুযায়ী , গত ১৫ জুন ব্যবসায়ীদের কাছ থেকে ২০ হাজার টাকা আদায় করা হয়। পরে বাকি টাকা না দেওয়ায় ১৮ জুন রাতে একদল লোক দেশীয় অস্ত্র নিয়ে মাছের দোকানগুলোতে হামলা চালায়। এ সময় দোকানপাটে ভাঙচুর, ব্যবসায়ীদের মারধর এবং নগদ দুই লাখ টাকা লুট করার অভিযোগ রয়েছে। হামলায় মাছ ব্যবসায়ী মো . রাসেল আহত হন। তাকে হত্যাচেষ্টার অভিযোগও মামলায় উল্লেখ করা হয়েছে। খুলশী থানায় চাঁদাবাজি, হত্যাচেষ্টা, ভাঙচুর ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে মামলা করেন রাসেল। পরে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রধান আসামি রাজুকে গ্রেফতার করে খুলশী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোজাম্মেল হকের নেতৃত্বে পুলিশের একটি দল। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## আইজিপির সঙ্গে আর্জেন্টিনার রাষ্ট্রদূতের সাক্ষাৎ

বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সঙ্গে সৌজন্য সাক্ষা ৎ করেছেন ঢাকায় নিযুক্ত আর্জেন্টিনার রাষ্ট্রদূত মার্সেলো কার্লোস সেসা। শনিবার (২০ জুন) বিকেলে পুলিশ হেডকোয়ার্টার্সে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে আর্জেন্টিনার রাষ্ট্রদূত বাংলাদেশ পুলিশের সঙ্গে নিরাপত্তা সহায়তা জোরদার করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তি নি বিশ্বকাপে বাংলাদেশের জনসাধারণের আর্জেন্টিনার প্রতি আগ্রহকে সম্মান জানিয়ে বিষয়টি বিশ্বব্যাপী প্রচারের আগ্রহ প্রকাশ করেন। এসময় আইজিপি রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে দুই দেশের পুলিশের মধ্যে

সমন্বয় জোরদারসহ নিরাপত্তা বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ওপর গুরু ত্বারোপ করেন। এছাড়া , তিনি বাংলাদেশের জনগণের ফুলবলপ্রীতিকে বিশ্বে ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে রাষ্ট্রদূতের আগ্রহে সন্তোষ প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## সদরঘাট-ফতুল্লা নৌপথে অভিযান, ৯ বালিবাহী নৌযানকে জরিমানা

সদরঘাট থেকে নারায়ণগঞ্জের ফতুল্লা পর্য ন্ত নৌপথে চলাচলরত বালিবাহী নৌযানের বিরুদ্ধে বিশেষ পরিদর্শন ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে নৌপরিবহণ অধিদপ্তর। অভিযানে বিভিন্ন অনিয়মের দায়ে ৯টি নৌযানকে এক লাখ ৭০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। শনিবার (২০ জুন) নৌপরিবহণ অধিদপ্তরের মহাপরিচালক কমডোর মো. শফিউল বারীর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। নৌপরিবহ ণ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, নৌপথে নিরাপদ চলাচল নিশ্চিত করা এবং নৌযানের আইনগত ও কারিগরি মান যাচাইয়ের লক্ষ্যে সদরঘাট-ফতুল্লা নৌপথে চলাচলরত বালিবাহী নৌযানগুলোতে এ বিশেষ পরিদর্শন চালানো হয়। অভিযানকালে মোট ১১টি বালিবাহী নৌযান সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনে দেখা যায় , অধিকাংশ নৌযানের বাস্তব পরিমাপ নিবন্ধনপত্রে উল্লেখিত পরিমাপের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এছাড়া কয়েকটি নৌযানে বাধ্যতামূলক জীবনরক্ষাকারী সরঞ্জাম এবং নেভিগেশনাল যন্ত্রপাতির ঘাটতি পাওয়া যায় , যা নৌ নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-যুক্তরাজ্যের দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারের অঙ্গীকার

বাংলাদেশ ও যুক্তরাজ্য দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। ঢাকা য় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক শনিবার (২০ জুন) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ডা . খলিলুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ অঙ্গীকার করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামরুল ইসলাম ভুঁইয়া এ তথ্য জানান। সাক্ষাৎকালে হা ইকমিশনার জাতিসংঘের ৮১তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ায় খলিলুর রহমানকে অভিনন্দন জানান। উভয়পক্ষ বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে ঐতিহাসিক সম্পর্ক , জনগণের মধ্যে নিবিড় যোগাযোগ ও শক্তিশালী ব্রিটিশ -বাংলাদেশি প্রবাসী কমিউনিটির ভূমিকার কথা গুরুত্বের সঙ্গে উল্লেখ করেন। তারা বাণিজ্য ও বিনিয়োগ, শিক্ষা, অভিবাসন এবং দক্ষতা উন্নয়নসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদারের উপায় নিয়ে আলোচনা করেন। বৈঠকে রোহিঙ্গা ইস্যুও গুরুত্ব পায়। এ ক্ষেত্রে পররাষ্ট্রমন্ত্রী যুক্তরাজ্যের অব্যাহত মানবিক স হায়তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং মিয়ানমারে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ , স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনে আন্তর্জাতিক প্রচেষ্টায় যুক্তরাজ্যের নেতৃত্ব অব্যাহত রাখার আহ্বান জানান। বৈঠক শেষে উভয়পক্ষ বাংলাদেশ ও যুক্তরাজ্য সম্পর্কে র ক্রমবর্ধমান অগ্রগতিতে সন্তোষ প্রকাশ এবং দ্বিপক্ষীয়, আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যুতে আরও ঘনিষ্ঠ সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের ঝটিকা মিছিল, আটক ৩

চট্টগ্রামে নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতা-কর্মীরা ঝটিকা মিছিল করেছেন। এ ঘটনায় তিনজনকে আটক করেছে পুলিশ। শনিবার (২০ জুন) সকালে নগরের নিউমার্কেট এলাকায় সরকারি সিটি কলেজ ছাত্রলীগের ব্যানারে এ কর্মসূচি পালন করা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান , হঠাৎ করে কয়েকজন যুবক সড়কে জড়ো হয়ে মি ছিল বের করেন। এসময় তারা রাজবন্দিদের মুক্তির দাবিতে বিভিন্ন স্লোগান দেন। মিছিলটি কয়েক মিনিট স্থায়ী হওয়ার পর অংশগ্রহণকারীরা দ্রুত এলাকা ত্যাগ করেন। মিছিলের কয়েকটি ছবি ও ভিডিও পরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। সেখানে অংশগ্রহণকারীদের ছাত্রলীগের নেতাকর্মী ব লে দাবি করা হয়। কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জায়েদ নুর জাগো নিউজকে বলেন , মিছিলের খবর শোনার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। এসময় ছাত্রলীগ নেতা - কর্মীদের ধরতে অভিযান পরিচালনা করা হয়। এতে ঘটনাস্থল থেকে তিনজনকে আটক করে পুলিশ। ওসি জানান , মিছিলে নেতৃ ত্বদানকারীদের ধরতে পুলিশের অভিযান চলমান আছে। নগরে বিশৃঙ্খলাকারীদের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও ছবির বিষয়ে খোঁজ-খবর নেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## টেক্সটাইল খাতের উন্নয়নে এআই ও গবেষণায় জোর দিতে হবে : শিক্ষামন্ত্রী

বাংলাদেশের টেক্সটাইল খাতের উন্নয়নে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার বাড়ানোর তাগিদ দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন , `আমরা টেক্সটাইল খাতে বিশ্বে নেতৃত্ব দিতে চাই। এজন্য এ ক্ষেত্রে গ বেষণা বৃদ্ধি করতে হবে। পাশাপাশি গতানুগতিকতার বাইরে এসে উদ্ভাবনী ধারণা সংযোজন করতে হবে।, শনিবার (২০ জুন) বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইলসে (বুটেক্স) `চতুর্থ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন টেক্সটাইল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী

বলেন, এখন বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতেও টেক্সটাইল বিষয় যুক্ত করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোতে আধুনিক ল্যাবের সুবিধা থাকতে হবে , যেন শিক্ষার্থীরা আধুনিক বিশ্বের সঙ্গে কীভাবে প্রতিযোগিতা করতে হবে , তা শিখতে সক্ষম হয়। এ সময় মন্ত্রী `গ্রিন টেক্সটাইল, ও রিসাইক্লিং ব্যবস্থা জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইলসের উপাচার্য অধ্যাপক ড . মো. জুলহাস উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## বিচারকদের সততা-নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান প্রধান বিচারপতির

বিদ্যমান সীমাবদ্ধতা কাটিয়ে বিচারপ্রার্থীদের ন্যায়বিচার নিশ্চিত করতে বিচারকদের সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। শনিবার (২০ জুন) সুপ্রিম কোর্টে ঢাকা বিভাগে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের উদ্দেশ্যে দেওয়া অভিভাষণে এ আহ্বান জানান তিনি। সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলাম এ তথ্য জানিয়েছেন। অনুষ্ঠানে ঢাকা বিভাগের সকল জেলা থেকে আগত জেলা ও দায়রা জজ , মহানগর দায়রা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ তাদের বক্তব্যে বিচারকদের আর্থিক স্বাধীনতা নিশ্চিতকরণ, বিচার বিভাগের বাজেট বৃদ্ধি, জরুরিভিত্তিতে এজলাস, খাসকামরা, রেকর্ডরুম, মালখানা ও আবাসন-সংকট নিরসনে অবকাঠামোগত সংস্কার এক্স উন্নয়ন, আদালত ও বিচারকদের নিরাপত্তা নিশ্চিতকরণ , ডিজিটাইজেশন এবং প্রয়োজনীয় লজিস্টিক সহায়তা দেওয়ার বিষয়গুলো তুলে ধরেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## অপরাধ ট্রাইব্যুনালে তাড়াহুড়া করে বিচার শেষ করতে চাই না

ন্যায়বিচারের স্বার্থে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তাড়াহুড়া করে বিচার শেষ করতে চান না বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন , `প্রতিহিংসাপরায়ণ হয়ে নয় , বরং নিরপেক্ষভাবে মানবতাবিরোধী অপরাধের মামলার বিচার করতে চেষ্টা করছি। ন্যায়বিচারের স্বার্থে তাড়াহুড়া করে বিচার কার্যক্রম শেষ করতে চাই না। প্রয়োজন হলে অতিরিক্ত সময় নিয়ে হলেও নিরপেক্ষ ও গ্রহণযোগ্য বিচার সম্পন্ন করতে চাই । শনিবার (২০ জুন) ঢাকা ক্লাবে সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরামের বার্ষিক সাধারণ সভা -২০২৬-এ আমন্ত্রিত অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন , `বর্তমানে আমাদের দুটি ট্রাইব্যুনালে বিচারকাজ চলছে। এরই মধ্যে প্রায় ৩০টি মামলা বিচারাধীন। আরও নতুন মামলা আসছে। একটি মামলা নিষ্পত্তি করতে তিন থেকে চার মাস লাগতে পারে। কিছু ক্ষেত্রে আরও কম -বেশি সময়ও লাগে। স্বাভাবিক গতি যেভাবে বিচারকার্য চলার , ঠিক সেভাবেই করছি। যদিও মামলার সংখ্যা প্রতিনিয়তই বাড়ছে। প্রতিবেদনও দাখিল হচ্ছে। তাই এই দুটি ট্রাইব্যুনালের পক্ষে একটা সময় অতিরিক্ত চাপ পড়ে যাবে। এজন্য ট্রাইব্যুনাল ও প্রসিকিউশন টিম বাড়ানোর প্রয়োজন হতে পারে, বাড়ানো হতে পারে তদন্ত সংস্থার কর্মকর্তাও।, (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## পশ্চিমবঙ্গে এসেই মোদীর মুখে বাংলাদেশ প্রসঙ্গ

দুইদিনের সফরে পশ্চিমবঙ্গে এসেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার (২০ জুন) পশ্চিমবঙ্গ দিবস এবং রোববার (২১ জুন) আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে তার এই সফর। শনিবার তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষ্যে আয়োজিত একটি জনসভায় বক্তব্য দেন ভারতের প্রধানমন্ত্রী। সেখানে তার ভাষণে উঠে আসে ভারত - বাংলাদেশ সীমান্ত এবং অবিভক্ত বাংলার `গ্রেট ক্যালকাটা কিলিং, ও নোয়াখালীর দাঙ্গার প্রসঙ্গ। জনসভা থেকে নরেন্দ্র মোদী বলেন, `পরাধীন থাকার সময় আমাদের বাংলা কী না সহ্য করেছে ! কত বলিদান দিয়েছে, কত ত্যাগ করেছে। ১৯৪৬ সালে কলকাতায় যে সহিংসতা হয়েছিল , নোয়াখালীতে যে দাঙ্গা হয়েছিল , তাতে কত নির্দোষ বাঙালি প্রাণ হারিয়েছেন। বাংলা রক্তপাত সহ্য করেছে, নিজের মানুষকে হারিয়েছে, নিজের মাতৃভূমিকে টুকরো হতে দেখেছে। কিন্তু নিজের অস্মিতা ও পরিচয়কে নষ্ট হতে দেয়নি। , তিনি আরও বলেন, `পুরো বাংলাকে ভারতের থেকে আলাদা করার একটি চক্রান্ত করা হচ্ছিল। তখন আলাদা পশ্চিমবঙ্গ রাজ্য তৈরি করে সেই চক্রান্তকে সফল হতে দেওয়া হয়নি। হাজার বছরের পুরোনো সভ্যতা, সংস্কৃতি এবং এখানকার মূল আস্থা ও পরম্পরা অনেক আন্দোলনের পর রক্ষা পেয়েছে। , ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ নিয়ে নরেন্দ্র মোদী বলেন , `সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়া নিয়ে আগের রাজ্য সরকার জমি হস্তান্তরের কাজ আটকে রেখেছিল। তবে নতুন সরকার গঠন হতেই জমি হস্তান্তরের কাজ শুরু হয়ে গেছে। ,পশ্চিমবঙ্গের সাবেক শাসক দল তৃণমূল কংগ্রেসকে নিশানা করে নরেন্দ্র মোদী বলেন, `যারা আপনাদের শোষণ করেছে, তারা নিজেরাই এখন এসে আপনাদের কাছ থেকে লুটে নেওয়া টাকা ফেরত দিতে বাধ্য হচ্ছে। বড়ো বড়ো দুর্নীতিগ্রস্তদের জেলে পাঠানো হচ্ছে। যারা সিন্ডিকেট রাজ চালাত, তারা এখন জনগণের কাছে ক্ষমা চাইছে। অবৈধভাবে চাঁদাবাজি করা গুন্ডারা ভয়ে পালিয়ে বেড়াচ্ছে। , রোববার কলকাতার ঐতিহ্যবাহী রেড রোডে `যোগ দিবস,-এর অনুষ্ঠানে অংশ নেবেন নরেন্দ্র মোদী। এ নিয়ে এরই মধ্যে রাজ্যজুড়ে বিতর্ক শুরু হয়েছে। বিরোধীদের মতে, যানজটের অজুহাত দেখিয়ে কলকাতার রেড রোডে মুসলিম সম্প্রদায়ের ঈদের নামাজের জন্য কয়েক

ঘণ্টার অনুমতি দেয়নি বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার। অথচ সেই একই রেড রোড আটকে এবার যোগ দিবস পালন করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

**অফিস চলাকালে কর্মস্থল ছাড়লেই কেন্দ্রে যাবে ভূমি কর্মকর্তার ‘লাল সংকেত,**

দেশের যে-কোনো প্রান্তের ভূমি কর্মকর্তা অফিস চলাকালীন (সকাল ৯টা থেকে বিকেল ৪টা) কর্মস্থল ত্যাগ করলে কেন্দ্রীয় ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে ‘লাল সংকেত, চলে আসবে বলে জানিয়েছেন ভূমি ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দীন। শনিবার (২০ জুন) চট্টগ্রামের খুলশী কনভেনশন হলে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো) আয়োজিত ‘বিপিও সামিট ২০২৬,-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ কথা জানান। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জবাবদিহিতা নিশ্চিতকরণে ‘জিও ফেন্সিং, (Geo-fencing) প্রযুক্তির যুগান্তকারী ব্যবহারের কথা জানিয়ে প্রতিমন্ত্রী বলেন , ”আমরা ‘ভূমি দৃষ্টি, নামে একটি অ্যাপের পাইলটিং শুরু করেছি। এর মাধ্যমে দেশের যে-কোনো প্রান্তের ভূমি কর্মকর্তা অফিস চলাকালীন (সকাল ৯টা থেকে বিকেল ৪টা) কর্মস্থল ত্যাগ করলে কেন্দ্রীয় ড্যাশবোর্ডে স্বয়ংক্রিয়ভাবে ‘লাল সংকেত, চলে আসবে। এ প্রযুক্তির ফলে অত্যন্ত কম খরচে প্রান্তিক পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত শতভাগ স্বচ্ছতা ও জ বাবদিহিতা নিশ্চিত হচ্ছে।„ এসময় তথ্যপ্রযুক্তির আধুনিকায়ন ও যুগোপযোগী অটোমেশনের মাধ্যমে সরকারি সেবা খাত থেকে সব ধরনের মধ্যস্বত্বভোগী ও দুর্নীতির অবসান ঘটানো হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

**এনসিপির চট্টগ্রাম মহানগরের দুই শীর্ষ নেতাকে শোকজ**

দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চট্টগ্রাম মহানগর শাখার আহ্বায়ক মীর মোহাম্মদ শোয়েব ও সদস্যসচিব আরিফ মঈনুদ্দিনকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছে দলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি। শনিবার (২০ জুন) পৃথক দুটি চিঠির মাধ্যমে তাদের কাছে এ নোটিশ পাঠানো হয়। নোটিশে আগামী ২৪ ঘণ্টার মধ্যে কেন তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে না , সে বিষয়ে লিখিত ব্যাখ্যা কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটির প্রধানের দপ্তরে জমা দিতে বলা হয়েছে। দলীয় সূত্রে জানা যায় , গত ১৮ জুন এনসিপির চট্ট গ্রাম বিভাগীয় সাংগঠনিক সম্পাদক এএসএম সুজাউদ্দিনের বিরুদ্ধে একটি অভিযোগ কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটির কাছে জমা পড়ে। অভিযোগটি তদন্তের জন্য তিন সদস্যের একটি তদন্ত ও শৃঙ্খলা কমিটি গঠন করা হয়। নোটিশে বলা হয় , অভিযোগটি তদন্তাধীন থাকা অবস্থায় এবং কেন্দ্রীয় পর্যায়ে কোনো সিদ্ধান্ত হওয়ার আগেই চট্টগ্রাম মহানগর কমিটির দুই শীর্ষ নেতা অভিযুক্ত ব্যক্তির পক্ষে অবস্থান নেন। এর মধ্যে আহ্বায়ক মীর মোহাম্মদ শোয়েব দলীয় প্যাডে একটি সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে তদন্তাধীন বিষয়ে পক্ষ নিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

**বিচার বিভাগের বাজেট বৃদ্ধির দাবি, আইনমন্ত্রী-প্রধান বিচারপতির সমর্থন**

ঢাকা বিভাগের বিভিন্ন আদালতে কর্মরত বিচারকরা বিচার বিভাগের বাজেট বৃদ্ধি ও বিচারকদের আর্থিক স্বাধীনতা নিশ্চিত করার দাবি জানিয়েছেন। পাশাপাশি বিচারকদের জন্য জরুরি ভিত্তিতে এজলাস , খাসকামরা, রেকর্ডরুম, মালখানা ও আবাসন -সংকট নিরসনে অবকাঠামোগত সংস্কার ও উন্নয়ন , আদালত ও বিচারকদের নিরাপত্তা নিশ্চিতকরণ, ডিজিটাইজেশন এবং প্রয়োজনীয় লজিস্টিক সহায়তারও দাবি করেন তারা। শনিবার (২০ জুন) সুপ্রিম কোর্টের জাজেজ স্পোর্টস কমপ্লেক্সে এক অনুষ্ঠানে ঢাকা বিভাগের সব জেলা থেকে আগত জেলা ও দায়রা জজ , মহানগর দায়রা জজ , চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটরা এমন দাবি করেন। প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী এবং আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান জুডিসিয়াল সার্ভিসের সদস্যদের বক্তব্যের সঙ্গে একমত পোষণ করেন। সুপ্রিম কোর্টের গণসংযোগ কার্যালয় এসব তথ্য জানিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

**বিচার বিভাগকে স্বাধীনভাবে কাজ করতে দিতে চায় সরকার: অ্যাটর্নি জেনারেল**

বর্তমান সরকার বিচার বিভাগকে স্বাধীনভাবে কাজ করতে দিতে চায় বলে উল্লেখ করে ছেন রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো . রুহুল কুদ্দুস কাজল। শনিবার (২০ জুন) রাজধানীর ঢাকা ক্লাবে সুপ্রিম কোর্ট রিপোর্টার্স ফোরামের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন। অ্যাটর্নি জেনারেল বলেন , অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে দেশে নতুন সরকারের যাত্রা শুরু হয়েছে। দায়িত্ব নেওয়ার পর প্রায় তিন মাসে কোনো মামলায়, কোনো ব্যক্তি বা রাষ্ট্রের বিচারব্যবস্থার ক্ষেত্রে ব্যত্যয় ঘটানোর মতো কোনো রাজনৈতিক চাপ বা প্রত্যাশার কথা আমাকে কেউ বলেননি। এতে প্রমাণিত হয় যে , বর্তমান সরকার বিচার বিভাগকে স্বাধীনভাবে কাজ করতে দিতে চায়। এক সময় সাংবাদিক ছিলেন উল্লেখ করে অ্যাটর্নি জেনারেল বলেন , আমি একসময় সাংবাদিকতা করতাম। রিপোর্টিংয়ের ক্ষেত্রে রিপোর্টারের মূল কাজ হচ্ছে প্রকৃত সত্যটা জনগণের সামনে তুলে ধরা। আর দেশে

বিচার হয় আদালতের মা ধ্যমে। মিডিয়ার মাধ্যমে যেন কোনো কারণে বিচার না হয় (মিডিয়া ট্রায়াল), সে ক্ষেত্রে সবাইকে সতর্ক থাকতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৬.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### সমুদ্রসীমার নিরাপত্তা ও সুনীল অর্থনীতির বিকাশে সরকার দৃঢ়প্রতিজ্ঞ : প্রধানমন্ত্রী

সামুদ্রিক সম্ভাবনাকে কাজে লাগিয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়া সম্ভব বলে মনে করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, সামুদ্রিক সম্ভাবনাকে পূর্ণমাত্রায় কাজে লাগিয়ে একটি সমৃদ্ধ, স্বনির্ভর ও শক্তিশালী বাংলাদেশ গড়ে তোলা সম্ভব এবং সুনীল অর্থনীতি হতে পারে আগামী দিনের বাংলাদেশের সমৃদ্ধির অন্যতম চালিকাশক্তি। বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস-২০২৬, উদ্‌যাপন উপলক্ষ্যে তিনি এসব কথা বলেন। তারেক রহমান বলেন, একবিংশ শতাব্দীর বৈশ্বিক বাস্তবতায় সমুদ্র কেবল ভৌগোলিক সীমানার অংশ নয়; বরং অর্থনৈতিক প্রবৃদ্ধি, বাণিজ্যিক সংযোগ, জ্বালানি নিরাপত্তা, পরিবেশগত ভারসাম্য এবং জাতীয় কৌশলগত সক্ষমতার অন্যতম প্রধান ভিত্তি। এই প্রেক্ষাপটে যথাযোগ্য গুরুত্ব ও পেশাদারিত্বের মধ্যদিয়ে 'বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস-২০২৬' উদ্‌যাপনের উদ্যোগ অবশ্যই ইতিবাচক। তিনি বলেন, আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক সংস্থা কর্তৃক এ বছরের প্রতিপাদ্য হিসেবে ট্রান্সফরমিং হাউ ডাটা ইস শেয়ার্ড অর্থাৎ 'সামুদ্রিক তথ্য আদান-প্রদানের ধারণায় আমূল পরিবর্তন নির্ধারণ করা হয়েছে, যা অত্যন্ত সময়োপযোগী ও প্রাসঙ্গিক।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

### গ্যালারিতে বসে দেশসেরা খুদে ফুটবলারদের খেলা দেখলেন প্রধানমন্ত্রী

দেশের প্রাথমিক শিক্ষার সবচেয়ে বড়ো ক্রীড়া প্রতিযোগিতা `প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট,-এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হচ্ছে। দেশসেরা খুদে ফুটবলারদের এই ফাইনাল ম্যাচ ও তাদের নৈপুণ্য গ্যালারিতে বসে সরাসরি উপভোগ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ শনিবার বিকেল চারটার দিকে প্রধানমন্ত্রী স্টেডিয়ামে পৌঁছান। পরে তিনি খুদে শিক্ষার্থীদের নিয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন। সারা দেশের ৬৫ হাজারের বেশি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ধাপে ধাপে বাছাই শেষে মোট চারটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এই টুর্নামেন্টের ফাইনালে খেলার গৌরব অর্জন করেছে। টুর্নামেন্টের বালিকা ও বালক বিভাগের শিরোপা নির্ধারণী ম্যাচে বালিকা বিভাগের ফাইনালে মুখোমুখি হয় ময়মনসিংহের নান্দাইল উপজেলার আচারগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পাবনার সাঁথিয়া উপজেলার জোরগাছা ইউনাইটেড সরকারি প্রাথমিক বিদ্যালয়। অন্যদিকে প্রধানমন্ত্রী আসার আগে বালক বিভাগের শিরোপা নির্ধারণী ম্যাচে মুখোমুখি হয় ময়মনসিংহের ত্রিশাল উপজেলার দরিরামপুর মডেল সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয় ও বরিশালের বাকেরগঞ্জ উপজেলার দাড়িয়াল মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। এই খেলায় দরিরামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে ১-০ গোলে হারিয়ে ইতোমধ্যে চ্যাম্পিয়ন হয়েছে দাড়িয়াল মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

### প্রধানমন্ত্রীর সফর ঘিরে উসকানিমূলক পরিস্থিতি তৈরির চেষ্টা চলছে : রিজভী

প্রধানমন্ত্রীর আসন্ন বিদেশ সফরকে কেন্দ্র করে বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে নেতিবাচক ও উসকানিমূলক পরিস্থিতি তৈরির চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। শনিবার রাজধানীর রমনা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে আয়োজিত `বাংলাদেশ আইসিটি শিল্প ২০৩০ : প্রতিবন্ধকতা, সুযোগ ও কৌশলগত সংস্কার, শীর্ষক সেমিনারে এ অভিযোগ করেন তিনি। রিজভী বলেন, `একটি শক্তিশালী পররাষ্ট্রনীতি গড়ার লক্ষ্যেই প্রধানমন্ত্রীর এই বিদেশ সফর। কিন্তু আমরা এর মধ্যেই বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে উসকানির ছায়া দেখতে পাচ্ছি।, তিনি বলেন, `এই সরকার এমন কিছু করবে না, যাতে দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ন হয়। কারণ, আমাদের দলের নামের সামনেই `জাতীয়তাবাদী, শব্দটি রয়েছে। ফলে দেশের স্বার্থ রক্ষা করেই সরকারকে নানা চক্রান্তের মধ্যদিয়ে এগিয়ে যেতে হবে।, সেমিনারে দেশের আইসিটি খাতের উন্নয়ন, ২০৩০ সালের লক্ষ্যমাত্রা এবং কৌশলগত সংস্কারের নানা দিক নিয়ে আলোচনা করেন সংশ্লিষ্ট খাতের বিশেষজ্ঞ ও প্রকৌশলীরা। আইসিটি খাতের অগ্রযাত্রার পাশাপাশি দেশের রাজনৈতিক স্থিতিশীলতা ও সার্বভৌমত্ব রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান রিজভী। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

### শিবগঞ্জে `পুশ-ইনের, চেষ্টা, বিক্ষুব্ধ জনতার ধাওয়া খেয়ে পালাল

বিএসএফ চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার চৌকা সীমান্তে দিয়ে বিএসএফ নারী ও শিশুসহ ২০ জনকে জোরপূর্বক বাংলাদেশে `পুশ-ইন, করার চেষ্টা করলে তা প্রতিহত করেছে বিজিবি ও স্থানীয় গ্রামবাসী। এ সময় বিএসএফ ও বিজিবির মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। পরে বিক্ষুব্ধ জনতার ধাওয়া খেলে পালাতে বাধ্য হয় বিএসএফ সদস্যরা। শনিবার ভোরে উপজেলার বিনোদপুর ইউনিয়নের চৌকা সীমান্তে ১৭৭/২এস পিলার এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় ও বিজিবি সূত্রে জানা যায়, শনিবার সকালে চৌকা সীমান্ত এলাকা দিয়ে ৪ শিশু, ১১ নারী ও ৫ পুরুষসহ মোট ২০ জনকে জোর করে বাংলাদেশের অভ্যন্তরে পাঠানোর চেষ্টা চালায় বিএসএফ। বিষয়টি টের পেয়ে বিজিবির টহল দল

দ্রুত ঘটনাস্থলে গিয়ে বাধা দেয়। চৌকা বিওপির হাবিলদার আশরাফ আলি জানান, `পুশ-ইন, ঘটনার টের পেয়ে আমরা প্রতিরোধ করি। এসময় স্থানীয় বাসিন্দারাও আমাদের সঙ্গে যোগ দেয়। শেষ সংবাদ পাওয়া পর্যন্ত সকাল ৯টার দিকে ২০/২৫জন বিএসএফ আবারও তাদেরকে `পুশ-ইন, করার চেষ্টা করলে বিজিবি ও বিএসএফের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। তখন স্থানীয়রা তাদেরকে ধাওয়া করলে পালাতে বাধ্য হয় বিএসএফ সদস্যরা।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

## হাম উপসর্গে একদিনে আরও ৭ শিশুর মৃত্যু

দেশজুড়ে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে আরও ৭ শিশুর মৃত্যু হয়েছে। সেই সঙ্গে এই সময়ে নতুন করে ৮৮৭ জনের শরীরে হাম ও এর উপসর্গ পাওয়া গেছে। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত একদিনে হামের উপসর্গ নিয়ে শুধু ঢাকা বিভাগেই ৬ জনের মৃত্যু হয়েছে। পাশাপাশি এই সময়ে বরিশাল বিভাগে হামের উপসর্গে আরও একজনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে গত **১৫** মার্চ থেকে শনিবার পর্যন্ত সারা দেশে হাম ও উপসর্গে মোট ৬৭৭ জনের মৃত্যু হয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

## রোহিঙ্গাদের জন্য আরও জমি চাইল জাতিসংঘ, নাকচ বাংলাদেশের

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য আরও জমি বরাদ্দ চেয়েছে জাতিসংঘ। যদিও জাতিসংঘের এ আবেদন নাকচ করে দিয়েছে বাংলাদেশ সরকার। শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রে এসব তথ্য জানা গেছে। এদিকে জাতিসংঘে রোহিঙ্গা শরণার্থীদের দ্রুত মিয়ানমারে প্রত্যাবাসনের আহ্বান পুনর্ব্যক্ত করেছে বাংলাদেশ। গতকাল শুক্রবার মিয়ানমার বিষয়ে জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতের ব্রিফিংয়ে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী বলেন, রোহিঙ্গা সংকটের উৎপত্তি মিয়ানমারে। তাই, এর টেকসই সমাধানও সেখানেই খুঁজে বের করতে হবে। সালাহউদ্দিন নোমান চৌধুরী বলেন, মানবিক কারণে বাংলাদেশ প্রায় এক দশক ধরে জোরপূর্বক বাস্তুচ্যুত প্রায় **১২** লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে আসছে। যদিও দীর্ঘায়িত এ সংকটের কারণে সামাজিক, অর্থনৈতিক, পরিবেশগত ও নিরাপত্তাজনিত নানা চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। জাতিসংঘে বাংলাদেশের এই স্থায়ী প্রতিনিধি বলেন, বিপুলসংখ্যক শরণার্থীর দীর্ঘমেয়াদি উপস্থিতি স্থানীয় জনগোষ্ঠী ও দেশের সম্পদের ওপর ব্যাপক চাপ সৃষ্টি করেছে। তাই, সংকটের দ্রুত ও টেকসই সমাধান এখন অত্যন্ত জরুরি।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬)

## বন্ধ কারখানায় বিনিয়োগ আকৃষ্ট করতে বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার

দেশের অলাভজনক ও বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলোতে দেশি-বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে বিশেষ উদ্যোগ নিয়েছে সরকার। এরই অংশ হিসেবে শনিবার প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে একটি বিশেষ `রোড-শো, অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। দেশের শিল্প খাতের বিকাশ এবং উৎপাদনমুখী অর্থনীতি সচল করতে বন্ধ ও অলাভজনক কারখানাগুলোকে নতুন বিনিয়োগের মাধ্যমে চালুর ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। তিনি দেশি বিনিয়োগকারীদের পাশাপাশি বিদেশি বন্ধুদের, বিশেষ করে জাপানি কোম্পানিগুলোকে বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশের সুবিধা নেওয়ার আহ্বান জানান। এতে সরকারের নীতি-নির্ধারক, উচ্চপদস্থ কর্মকর্তা এবং দেশি-বিদেশি শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠীর প্রতিনিধিরা অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এবং অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর। প্রধানমন্ত্রীর উপদেষ্টাদের মধ্যে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ। এ ছাড়া বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মোস্তাকুর রহমান এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তারসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তারা রোড শোতে অংশ নেন। বিনিয়োগের এই বড়ো আয়োজনে দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী ও শিল্পোদ্যোক্তারা যোগ দেন। তাদের মধ্যে প্রাণ-আরএফএল, এসিআই লিমিটেড, ওয়ালটন, মেঘনা, রানার, টি কে গ্রুপ, ব্র্যাক, নাবিল, স্কয়ার, ট্রান্সকম, আকিজ ও লাল তীরসহ বিভিন্ন বড়ো শিল্পগোষ্ঠীর কর্ণধাররা উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬ আসাদ)

## যুক্তরাষ্ট্রের ওপর বাজি ধরলে পস্তাতে হবে না : রাষ্ট্রদূত

বিশ্বকাপে অস্ট্রেলিয়াকে হারিয়ে যুক্তরাষ্ট্রের দ্বিতীয় পর্ব নিশ্চিত হলো; এ সময়ে বাংলাদেশিদের কাছে নিজ দলের পক্ষে সমর্থন চাইলেন ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। সেই সঙ্গে তিনি বলেন, যুক্তরাষ্ট্রের ওপর বাজি ধরলে পস্তাতে হবে না। শনিবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের

প্রশ্নের উত্তরে এ কথা বলেন তিনি। ফিফা বিশ্বকাপে গত রাতে অনুষ্ঠিত ম্যাচে অস্ট্রেলিয়াকে ২-০ গোলে হারিয়ে দ্বিতীয় পর্ব নিশ্চিত করে যুক্তরাষ্ট্র। বিশ্বকাপে পরপর দুই খেলায় যুক্তরাষ্ট্রের জয় ১৯৩০ সালে অনুষ্ঠিত প্রথম বিশ্বকাপের পর এটিই প্রথম। খলিলুর রহমানের সঙ্গে বৈঠকের পর এই জয়ের প্রসঙ্গ ধরে রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন বলেন, ”একটা খুব গুরুত্বপূর্ণ কারণে আমি এখানে এসেছি। গত রাতে বিশ্বকাপে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে দারুণ একটা জয় পেয়েছে যুক্তরাষ্ট্র এবং পরবর্তী পর্বে চলে গেছি; সুতরাং আমি এখানে পররাষ্ট্রমন্ত্রী ও সব বাংলাদেশিকে উৎসাহিত করতে এসেছি, যাতে সামনের দিনে বিশ্বকাপে যুক্তরাষ্ট্রকে সমর্থন করেন।„ সমর্থন চাওয়ার পর ব্রেন্ট ক্রিস্টেনসেন বলেন, ”কেননা, দীর্ঘমেয়াদে যুক্তরাষ্ট্রের ওপর বাজি ধরলে আপনাকে কখনও পস্তাতে হবে না।„ বৈঠক থেকে বেরিয়ে দ্বিপক্ষীয় বিষয়ে আলোচনার প্রসঙ্গ এড়িয়ে ফুটবল বিশ্বকাপের ম্যাচে যুক্তরাষ্ট্রের বড়ো বিজয়ের প্রসঙ্গ টানেন ক্রিস্টেনসেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম বিদেশ সফরে মালয়েশিয়া ও চীন যাওয়ার আগের দিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যান যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত। তবে শনিবার সাপ্তাহিক ছুটির দিনে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাদের এই বৈঠককে ՝রুটিন সাক্ষাৎ, হিসেবে বর্ণনা করেছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬ আসাদ)

## দেশের স্বার্থে প্রয়োজনে যুক্তরাষ্ট্রে যাব, আমাদের কাউকে খুশি করার জন্য নাচতে হবে না

প্রধানমন্ত্রীর পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির বলেছেন, বাংলাদেশের স্বার্থে আমাদের যখন যেখানে যাওয়া প্রয়োজন সেখানেই যাব। যুক্তরাষ্ট্রে যাওয়ার প্রয়োজন হলে যুক্তরাষ্ট্রে যাব, প্রয়োজনে চীনেও যাব। ভারতের সঙ্গে পরিবেশ অনুকূল হলে ভারতেও যাব। আমরা কোথায় যাব, সেটা অন্য কেউ নির্ধারণ করবে না। কারণ আমরা বৈধ সরকার, জনগণের ম্যান্ডেটপ্রাপ্ত সরকার। আমাদের কাউকে খুশি করার জন্য নাচতে হবে না। শনিবার দুপুরে প্রধানমন্ত্রীর চীন ও মালয়েশিয়া সফর প্রসঙ্গে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র উপদেষ্টা বলেন, বাংলাদেশের পররাষ্ট্রনীতি নিয়ে আমি শুধু এটুকুই বলব- এই মুহূর্তে বাংলাদেশ সব বড়ো অংশীদার দেশের সঙ্গে সবচেয়ে ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখতে সক্ষম হয়েছে। ওয়াশিংটন, বেইজিং, ইউরোপ কিংবা দক্ষিণ-পূর্ব এশিয়া- সব ক্ষেত্রেই আমরা ভারসাম্য রেখে এগোচ্ছি। এটি সম্ভব হয়েছে কারণ আমরা দুই-তৃতীয়াংশ ভোটে জনগণের বিশাল ম্যান্ডেট নিয়ে ক্ষমতায় এসেছি। ফলে আমরা এখন শক্ত অবস্থান থেকে কথা বলতে পারি, দর-কষাকষি করতে পারি। গত পনেরো বছরে কোনো সরকার তা পারেনি, কারণ জনগণের আস্থা ও বৈধতা তাদের ছিল না। হুমায়ুন কবির বলেন, প্রধানমন্ত্রীর চীন সফর অবশ্যই ভালো হবে। চীন আমাদের একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার। আর মালয়েশিয়া হচ্ছে মুসলিম বিশ্বের একটি গুরুত্বপূর্ণ দেশ। মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হিসেবে মালয়েশিয়া সফরেরও তাৎপর্য রয়েছে। সেখানে আমাদের বেশ কিছু কৌশলগত স্বার্থ জড়িত আছে। আমরা আসিয়ানের সদস্যপদের জন্য আবেদন করছি। ভবিষ্যতে ՝কম্প্রিহেনসিভ অ্যান্ড প্রগ্রেসিভ অ্যাগ্রিমেন্ট ফর ট্রান্স-প্যাসিফিক পার্টনারশিপ, বা সিপিটিপিপি বাজারেও প্রবেশের চেষ্টা করব। এসব বিষয়ও আলোচনায় থাকবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬ আসাদ)

## মূল্যস্ফীতি ও জিডিপির হিসাব পদ্ধতি সংস্কার করছে সরকার

দেশের অর্থনৈতিক সূচকের হিসাব আরো নির্ভুল ও আন্তর্জাতিক মানসম্মত করতে মূল্যস্ফীতি, ভোক্তা মূল্যসূচক মজুরি হার সূচক এবং মোট দেশজ উৎপাদন জিডিপির হিসাব পদ্ধতিতে বড়ো ধরনের সংস্কার আনার উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য বিশেষজ্ঞদের সমন্বয়ে দুটি কারিগরি কমিটি গঠন করা হবে। একইসঙ্গে অতীতে প্রকাশিত অর্থনৈতিক তথ্যও পুনর্মূল্যায়ন করা হবে। শনিবার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আয়োজিত সিপিআই, মূল্যস্ফীতি, মজুরি হার সূচক ও জিডিপি প্রণয়নবিষয়ক মতবিনিময় সভা শেষে পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি এসব তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, উন্নয়ন পরিকল্পনা ও অর্থনৈতিক নীতি-নির্ধারণে নির্ভুল পরিসংখ্যান অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে কারণে বর্তমান হিসাব পদ্ধতি পর্যালোচনা করে আরো আধুনিক, বাস্তবসম্মত ও গ্রহণযোগ্য কাঠামো প্রণয়ন করা হবে। এ প্রক্রিয়ায় গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ব্যবসায়ী প্রতিনিধি ও সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতামত নেওয়া হবে। তিনি আরো বলেন, অতীতে প্রকাশিত অর্থনৈতিক তথ্যের মধ্যেও কোনো অসংগতি বা বিকৃতির সম্ভাবনা ছিল কি না, তা খতিয়ে দেখা হবে। তবে এর উদ্দেশ্য কাউকে দায়ী করা নয়; বরং ভবিষ্যতের জন্য একটি স্বচ্ছ ও নির্ভরযোগ্য পরিসংখ্যান ব্যবস্থা গড়ে তোলা। জনগণের আস্থা পুনরুদ্ধারে বাস্তবভিত্তিক তথ্য প্রকাশে গুরুত্ব দেওয়া হচ্ছে বলেও জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৬.২০২৬ আসাদ)

# BBC

## ISRAEL AND HEZBOLLAH CONTINUE STRIKES DESPITE CEASEFIRE AGREEMENT

At least a dozen people have reportedly been killed by Israeli airstrikes on southern Lebanon, less than 24 hours after a new ceasefire between Israel and Hezbollah was announced. Officials in the Nabatieh district said attacks had killed 16 people and injured at least a dozen more, after Israeli warplanes, drones, and artillery targeted numerous areas.

The Israeli military said it struck "Hezbollah terrorist targets" after the group fired over 50 projectiles at Israeli forces in the region. Washington has criticized Israel's ongoing operations in Lebanon, which was drawn into the US-Iran war when Hezbollah launched rockets into Israel in retaliation for a strike that killed Iran's supreme leader.
(BBC News Web Page: 20/06/26, FARUK)

**ZELENSKY STRIPPED OF HIGHEST POLISH HONOUR OVER WW2 NAME OF ARMY UNIT**

Ukraine's Volodymyr Zelensky has been stripped of Poland's highest state honour, the Order of the White Eagle, over Kyiv's decision to name a military unit after controversial World War Two fighters. Polish President Karol Nawrocki branded Ukraine's decision late last month to name the unit after the Ukrainian Insurgent Army (UPA) "outrageous", incomprehensible" and"deeply disappointing". Nawrocki stressed the diplomatic row would not impact Poland's support for Ukraine against Russia. Ukraine's Foreign Minister Andrii Sybiha denounced Warsaw's move, calling it a"strategic mistake" and" disrespectful". Many in Ukraine regard the UPA, which existed in the 1940s and 1950s, as heroes who fought for Ukrainian independence against the Soviet Red Army as well as Nazi Germany and Polish authorities. So for Ukrainians the title "Heroes of the Ukrainian Insurgent Army" is a major honour.
(BBC News Web Page: 20/06/26, FARUK)

**TOURIST DIES IN DOMINICAN REPUBLIC LUXURY RESORT FIRE**

A huge fire at a luxury beach resort in the Dominican Republic killed one woman and forced nearly 1,700 guests to be evacuated on Friday. The woman was a 46-year-old Italian tourist, the DAEH emergency services said in a statement to local media. It added that three people were taken to medical facilities and six others were treated on site. Drone footage shows how widespread the fire was, with buildings spanning the Viva Wyndham Dominicus Beach in the town of Bayahibe on fire, and thick black smoke billowing into the air. The cause of the early-morning blaze is not yet known, but an initial investigation found the flames spread quickly due to wind conditions and the flammable thatched roofs on some buildings. The country's Emergency Operations Center (COE) said the fire had been brought under control and guests had been moved to other hotels. (BBC News Web Page: 20/06/26, FARUK)

**ITALY'S MELONI SAYS TRUMP 'MADE UP' STORY THAT SHE 'BEGGED' HIM FOR PHOTO AT G7**

Italy's prime minister, Giorgia Meloni, has said she is astonished after President Donald Trump told Italian TV she had "begged" him for a picture with her, in comments that have provoked an open row between the two leaders. Meloni said Trump's comments were entirely "made-up", and Italian Foreign Minister Antonio Tajani has cancelled a trip to the US early next week. The highly public exchange is an indication of how far their earlier close ties have frayed in the months since Trump's decision to go to war with Iran. Trump and Meloni were seen in close conversation at the G7 summit at Evian-les-Bains in eastern France this week, and the Italian leader later told reporters their relationship was unchanged and there had been "no recriminations". (BBC News Web Page: 20/06/26, FARUK)

**US TO STOP FUNDING HIV PROGRAMME IN SOUTH AFRICA**

The US government says it will stop funding programmes in South Africa intended to tackle the spread of HIV and Aids. More than eight million South Africans are living with HIV - the highest number of any country in the world. The US State Department appeared to link the decision to South Africa's alleged failure to protect the white-minority Afrikaner community - an allegation the South African government has repeatedly rejected. South Africa's health ministry responded by saying that though it had not been informed of this decision, it had "long been working on a self-reliance plan". Until 2025, the US was supporting South Africa's efforts to deal with the virus with an estimated $400m a year through the President's Emergency Fund for Aids Relief (Pepfar). But since the inauguration of President Donald Trump, relations between the two countries have increasingly soured.
(BBC News Web Page: 20/06/26, FARUK)

**AUSTRALIA CONFIRMS FIRST CASE OF H5N1 BIRD FLU AS VIRUS REACHES EVERY CONTINENT**

The H5N1 strain of bird flu has for the first time been found in Australia, the country's agriculture ministry confirmed. It means the highly contagious variant has now reached every continent. The disease was found in a migratory seabird, a brown skua, in remote Western Australia, Agriculture Minister Julie Collins said on Saturday. The bird was found on a beach at the Cape Le Grand National Park near the town of Esperance, about 700km south-east of Perth, according to local media. Australia was previously the only continent where the H5N1 BIRD flu strain had not been found. The strain can spread quickly among poultry and wild bird populations. Human cases tied to the disease remain uncommon.
(BBC News Web Page: 20/06/26, FARUK)

**AFRICAN AND CARIBBEAN NATIONS CALL FOR FORMAL APOLOGY FOR TRANSATLANTIC SLAVERY**

African and Caribbean countries have called for a formal apology and reparations from countries that benefited from the transatlantic slave trade. The demands come at the end of a three day conference in Ghana which looked to advance the push for preparatory justice. It follows a landmark UN resolution earlier in March which recognized transatlantic slavery as the "gravest crime against humanity", urging the UN member states to contribute to a reparations fund. Around 12-15 million African men, women and children were captured and trafficked to the Americas to work as slaves from the 15-19th century. A 19-point reparations plan has been endorsed as part of the "Next Steps" conference in the Ghanaian capital of Accra. (BBC News Web Page: 20/06/26, FARUK)

**TWO ROADSIDE BOMBS KILL AT LEAST SEVEN IN NORTHWESTERN PAKISTAN**

Two roadside bomb blasts in northwestern Pakistan have killed at least seven people. The first explosion on Saturday hit a vehicle, and the second was detonated as rescuers responded, police said. "A private pick-up truck carrying passengers was targeted with a remote-controlled IED," said Yasir Afridi, a police officer in Bannu district in Khyber Pakhtunkhwa province bordering Afghanistan, using a common acronym for a homemade bomb. "The injured were being transported to hospital in a car for emergency treatment when a second IED exploded," he said, adding that three people were wounded. Prime Minister Muhammad Shehbaz Sharif condemned the attack and said the government would bring those responsible to justice. (BBC News Web Page: 20/06/26, FARUK)

**PARENTS AND TWO DAUGHTERS KILLED IN ISRAELI STRIKE IN GAZA**

At least five people have been killed in Gaza after overnight Israeli strikes hit a residential area in the besieged enclave. The attacks around 2:00 am on Saturday hit a building on al-Thalatini Street in Gaza City, medical sources told the Wafa news agency. Among those killed were a father and his two daughters - four-year-old Zina and 14-year-old Lana. The mother was wounded and died later on Saturday. Several others were injured. Five people were injured earlier on Friday evening after Israeli air strikes targeted a tent sheltering displaced families in the al-Mawasi area of Khan Younis. Meanwhile, Wafa reported heavy gunfire on Saturday coming from Israeli naval vessels off the coast of southern Gaza.
(BBC News Web Page: 20/07/26, FARUK)

# :: THE END ::